

# শরৎকুমারী।

নীতিগৰ্ভ কাব্য।

--- 5\*5----

স্কুমার্মতি বালকদিগের পাঠার্মে জীসর্কানন্দ রায় প্রণীত।

किडीय मरकद्र।

### কলিকাভা।

ু জীখোগীজ নাৰ বল্যোপাধ্যায়ের কার। বঙ্গহিতৈষী যত্তে মুদ্রিত ও প্রকাশিত।

対血のい ひかるは



## শরৎকুমারী।

নীতিগর্ভ কাব্য।

স্থকুমারমতি বালকদিগের প্রাঠার্থে

গ্রীসর্কানন্দ রায় প্রণীত।


দ্বিতীয় সংস্করণ।

কলিকাতা।

বঙ্গহিতৈষা যন্ত্ৰে মুদ্ৰিত ও প্ৰকাশিত।

সম্বৎ ১৯৩৪

মূলা ॥০ আটি আনা।



বর্ত্তমান সময়ে বঙ্গ ভূমির সৌভাগ্য বশতঃ বাঙ্গালা ভাষার ক্রমশঃ শ্রীরদ্ধি হইতেছে, এবং অনেকেই প্রয়ন্ত্রাতিশয় সহকারে উহাতে কৃতকার্য্য হইতেছেন। জগদীশ্বর যদিও আমাকে তাদুশ ক্ষতা প্রদান করেন নাই, তথাপি অন্যের দৃষ্টান্ত দর্শন করিয়া আমার নীতিগর্ভ এক খানি গ্রন্থ রচনায় প্রবৃত্তি ও উৎসাহ জন্মে। কেবল উপদেশ-ছলে নীতিগর্ভ প্রবন্ধ প্রণয়ন করিলে, নীরস বলিয়া স্তকুমারমতিদিপের পঠনপ্রবৃত্তি না জুন্মিবার সম্ভাবনা আছে। এই ভাবিয়া আমি শরংকুমারী নামে নীতিগর্ভ এক থানি কাব্য রচনা করিলাম । চুঁচুড়া ছিত বঙ্গভাষাতুরাগী স্কট্লগুরি ফ্রিচর্চ্চ সংক্রান্ত মিসনরি মান্যবর শ্রীযুক্ত জন্ এদ্ বোমণ্ট এম্ এ, সাহেব মৎপ্রণীত প্রবন্ধ দেখিয়া আমাকে যথোচিত উৎদাহ ও মুদ্রাঙ্কিত করিতে পরামর্শ প্রদান করিলেন। অনন্তর

আমি কলিকাতা সংস্কৃত কালেজের সাহিত্যাধ্যাপক শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণ মহাশয়কে
ঐগ্রন্থ থানি দেখাইলাম, তিনি অনুগ্রহ পূর্ব্বক
সংশোধন করিয়া দিয়াছেন। আমি ক্রতোংশাহ
ইয়া উক্ত কাব্য মুদ্রিত ও প্রচারিত করিলাম।
এক্ষণে পাঠকবর্গের পরিগৃহীত ইইলে আমার
পরিশ্রম সফল হয় ।

কলিকাভা }

शिमकी नम गर्ना।

### দ্বিতীয়বারের বিজ্ঞাপন।

শরংকুমারী দ্বিতীয়বার মুদ্রিত হইল। শিক্ষা-বিভাগের ভূতপূর্ব্ব অন্যতম তত্ত্বাব্ধায়ক মৃত মহাত্রা উড্রোসাহেব শরংকুমারীকে স্বীয়বিভাগে বাঙ্গালা বিদ্যালয় সমূহে প্রচলিত করেন এবং তাঁহারই সহায়তায় কলিকাতান্ত গবর্ণমেণ্ট বাঙ্গালা পাঠ-শালার তৃতীয় শ্রেণীতে পাঠ্যপুস্তকরূপে পরিগৃহীত হয়। প্রথম মৃদ্রিত পুস্তক গুলি অল্ল দিনের মধ্যেই নিংশেষিত হয়, কিন্তু আমি সময়াভাব ও অন্যান্য কারণবশতঃ পুস্তকখানি পুন্মুদ্রিত করিতে সমর্থ হই নাই। যাহা হউক এক্সণে শরংকুমারী পূর্ব্ববৎ সর্বসাধারণের অনুগ্রহভাজনহইলে চরিতার্থ হইব।

কলিকাতা }

छिमक्रीनम गर्मा।



#### প্রথমসর্গ।

ভারতবর্ষের পশ্চিমাংশে নর্ম্মদানদীতীরে চন্দ্রপুর নামে এক মনোহর নগর আছে। তথার চন্দ্রদেন নামে মহাবলপরাক্রান্ত প্রবলপ্রতাপ এক রাজা ছিলেন। মহারাজের রাজ্যশাসনগুণে প্রজাসকল নানা সুথের পার প্রাপ্ত হইয়াছিল।
রাজা যথন অশেষগুণসম্পন্ন অমাতা ও পণ্ডিতবর্গে বেটিত
হইয়া সভায় মণিময় সিংহাসনোপরি উপবেশন করিতেন,
তথন নক্ষত্রমগুলীমধ্যগত শারদ শশাঙ্কের ন্যায় তাঁহার
অপুর্ব্ব শোভা হইত। রাজমন্ত্রী এরূপ বুদ্ধিমান ছিলেন যে,
যে কোন সঙ্কট উপস্থিত হউক না কেন বিচলিত্তিত্ত না হইয়া
অনায়াসেই তাহার প্রতিবিধান করিতে পারিতেন।

মছারাজ চন্দ্রদেন এই মন্ত্রীর মন্ত্রণা ও নিজ ভূজবলে ক্রমে ক্রমে অরাতিকুল নির্দ্দুল করিয়া প্রায় পৃথিবীর অনেকাংশেই স্বীয় আধিপতা স্থাপন করিয়াছিলেন এবং ব্রড, দান ও যজ্ঞাদি কর্মে প্রহত ছইয়া, নিরাশ্রহকে আশ্রয়দান, ভয়ার্জকে অভয়প্রদান, দীনকে প্রতিপালন, মানীর মান রক্ষা করিয়া সকলের প্রিয় ও যশস্বী হইয়াছিলেন। কিন্তু মহারাজ এবস্থিধ নানা স্থাথ সুখী ও অতুল ঐশ্বর্যার অধীশ্বর হইয়াও সংসার স্থাপার অপত্য মুখ নিরীক্ষণ না করিয়া সাতিশ্য বিষয় ছিলেন।

একদা মধুমাসের সমাগ্য হইলে উঘাকালে যথন দ্বিজ-রাজ ব্যাধরূপ সুর্যাভয়ে ক্রোড়স্থিত মৃগকে লইয়া অন্ত-গিরি গ্রহায় পালায়ন করিতেছেন, যথন সরোবরে মরালকুল দলবছ ছইয়া কল কল ধনি পূর্ব্বক সুখে কেলি করিতেছে, যথন স্লিদ্ধ ও সুগন্ধি সমীরণ নবপল্লব সকলকে আন্দোলিত করিয়া মন্দ মন্দ প্রবাহিত হইতেছে, যথন পিক প্রভৃতি নানা জাতিপক্ষি-কুল কুলায়ভাগে উদাত হইতেছে, যখন চক্রবাক প্রিয়ত্নার স্হিত মিলনাকাজকায় আহলাদে মগ্ন হইয়া প্রস্পর সম্ভাবণ করিতেছে, যখন মত্ত অলিকুল মধুলোভে ব্যাকুল 🕫 রা বিক-সিত কুসুম জ্ঞান করিয়া মুকুলিত নলিনীদিগকে উৎপীড়ন করিতেছে, এমন সময়ে মহারাজ অশ্বারোহণ পূর্মক তুরজ মাতলাদি চতুরক দৈন্য সমভিব্যাহারে স্থসজ্জিত হইয়া মৃগয়া প্রস্থান করিলেন। মহারাজের সমভিব্যাহারী সৈন্য দিগের কোলাহলে, তুরঙ্গদিগের হেবারবে ও মাতজের রংহিতে, দিক সকল কোলাহলময় হইতে লাগিল। এইরপে গমন করিতে করিতে অনেক ক্ষুদ্র বন অতিক্রম করিলেন।

অনন্তর এক অরণ্যানীতে অনতিদূরে এক মুগশাবক অবলোকন করিয়া তদকুসরণে অর্থ প্রেরণ করিলেন, হরিণ-শিশু প্রাণ্ডয়ে ব্যাকুল হইয়া অতি বেগে বনাভিমুখে গমন করিয়া অনতিবিলম্বে দৃষ্টিপথের বহিন্তুত হইল। রাজাও তাহার পশ্চাৎ গমনে কান্ত না হইয়া বিপিন মধ্যে একাকী প্রবেশ করিলেন। তথাকার ভক্লতার ধূমাভ পত্র সকল ও স্থানে স্থানে যজ্ঞবেদি দৃষ্টিগোচর হওয়াতে কোন মুনির আশ্রম জ্ঞান করিয়া অভিশয় ভীত হইলেন এবং মনে মনে এই বলিয়া চিন্তা করিতে লাগিলেন, আমি আশ্রমমূগ বং করিয়া এখনি মূনির প্রজ্বলিত কোপানলে পড়িতাম, পুনঃ পুনঃ এইরূপ চিন্তা করিতে করিতে ঘোটক হইতে অবতীর্ণ হইলেন, এবং অস্থকে এক বিশালরক্ষ্যুলে বলুগা দ্বারা বন্ধন করিয়া আপনি ঐ বনান্তর্গত এক সুশীতল নির্মাল বারিপর্ণ মনোহর সর্মীতীরে নব্রুকাদলোপনিষ্ট হইয়া দেখিতে লাগিলেন, কোন ছানে ক্রেঞ্চিম্থুন মুখে কেলি করিতেছে কোন স্থানে নানা রূপ পক্ষিগণ দলবদ্ধ হইয়া সুমধুরস্থরে গান করিতেছে, কোথাওবা শিথিগণ স্বস্থ পুল্ছ বিস্তার

করিয়া আদন্দে নৃত্য করিভেছে। এমন সময়ে চতুরক্সবলের সেশাপতিরা রাজাকে অত্বেষণ করিতে করিতে ভাঁহার সন্মুখে উপস্থিত হইয়া কুভাঞ্জলিপুটে বিনয় বচনে বলিতে লাগিল. মহারাজ! আপনি মৃগপশ্চাতে ধানমান হইয়া দৃষ্টি পথের অতীত হইলে, আমরা আপনকার নানা বিপদাশকা করিয়া সাতিশয় ভীত হইয়াছিলান, যেহেতু অনেক নায়াবী সুগরূপ भारत कतिया मृगसर्थियाकिमिशक विविध श्रकांत विशेष निक्किंग करत। (प्रश्न, पूर्वा वश्मावज्य जारगांशांतिशिकि রাজা দশরথের সন্তান জীরামচন্দ্র একাকী মায়াবী কলক-মৃণের পশ্চাতে ধাবমান হইয়া ভাঁহার জীবন সর্কার নৈথি-লীকে হারাইয়াছিলেন। একণে আপনাকে দৃষ্টি করিয়া আমাদের সে সকল চিন্তা দুরীভূত হইল, আপনার মঙ্গলেই আমাদের মঞ্চল ও আপনার তুঃথেই আমাদের তুংগ।

রাজ্ঞা এই সকল কথা শুনিয়া কিঞ্চিৎ হাস্য করিয়া বলিলেন, ভোমরা যাহা বলিলে তাহা অসন্তব নহে। আমি প্রায় সেইরূপ বিপদে পড়িয়াছিলাম, কেবল জগৎপাতা জগদীখারের রূপায় সে বিপদ হইতে রক্ষা পাইয়াছি। যে মৃগানুসরণে আমি প্রায়ত হইয়াছিলাম সে আশ্রম মৃগ। ভাহাকে বধ করিলে আমাকে তক্ষতে মুনির কোপানলে ভক্ষীভূত হইতে হইত। এইরূপে মহারাজ হরিণ শিশুর বিষয় আদ্যোপাস্ত বর্ণন করিয়া সেনাপতিদিগকে বলিলেন, ভোমরা তপনতাপে সাতিশয় তাপিত হইয়াছ, এঞ্চন্য এই সরোবরে স্থান ও উপস্থিত ফলাদি আহার করিয়া আত্মাকে পরিত্প কর।

এই কথা বলিতে বলিতে রাজার অবশিষ্ট দৈনোরা কানন মধ্যে উপনীত হইল । তাহাদিগের কোলাহলে তপোৰনস্থ জীব সকল শক্ষিত হইয়া চীৎকার প্রনি করিয়া নানাদিকে প্রচণ্ড বেগেপলায়ন করিতে আরম্ভ করিল। কোন দিকের লতামগুণ সকল কুরত্বশুদ্ধে সংলগ্ন হইয়া ছিল্ল ভিন্ন ছইতে লাগিল, কোন দিকের বড় বড় রক্ষ সকল হস্তী ও গণ্ডার প্রভৃতি ভীষণাকার জন্তুর গাত্র ঘর্ষণে সশব্দে ভগ্ন হইতে লাগিল, এবহিধ গভীর শব্দ সকল তপোধনের কর্ণকুছরে প্রবিষ্ট হওয়াতে তাঁহার ধ্যান ভঙ্গ হইল। তিনি তৎক্ষণাৎ নেত্র উন্মালন পূর্ব্বক বনস্থ সমস্ত জীবের অস্থিরতা ও উড়-ভীয়মান পক্ষিগণের চঞ্চপুট্স্থ শাবকদিগের ব্যাকুলভা (मिश्रा, मीलां रशन नारक निषाक एकिया बनितन, বৎস নীলোৎপল! অদা কোন পাষ্ত বাধি অথবা নৃশংস নুপতি মৃগরার্থ আদিয়া তপোবন উৎপীড়ন করিভেছে সন্দেহ নাই। অতএব তুমি শীদ্র ঘাইয়া তাহাকে ক্ষান্ত কর, এবং তাহাকে শীত্র তপোবন পরিত্যাগ করিয়া যাইতে বল।

নীলোৎপল মুনির আদেশানুসারে তৎক্ষণাৎ সেই দিকে গমন করিলেন এবং সমুদায় লোকের মধ্য হইতে দীর্ঘ ললাট, আজাকুলম্বিত বাহু ও অসাধারণ জ্রী প্রভৃতি রাজ-চিহ্ন দ্বারা নরপতিকে অনুমান করিয়া, দক্ষিণ হস্ত উত্তোলন প্রবাক মহারাজের জয় হউক বলিয়া আশীবাদ করিলেন। মহারাজ্ঞ, তাঁহার ললাটে ভন্মত্রিপুঞ্ক, গলদেশে যজো-গ্রীত দর্শনে খ্রিকুনার জ্ঞান করিয়া ভক্তিভাবে প্রণাম পুরংসর দণ্ডায়নান হইয়া বিনয়বচনে জিজাসা করিলেন আপনি কে? মুনিশিষা বলিলেন, আমি মহর্ষি পুঞ্রী-কালের শিষা, আমার মাম নীলোৎপল। অদা মহর্ষি তপোবনের প্রাণিসংক্ষোভ দেখিয়া, জানাকে জ্ঞো করিলেন যে. কোন মৃগয়ার্থী আদিয়া বন উৎপীড়ন করিতেছেন, অতএব হুমি ত্বরায় যাইয়া তাঁহাকে বন পরিত্যাগ করিয়া যাইতে বল। এজন্য আমি আপনাকে বলিতেছি, যে, এ সাশ্রমে কথন কেছ আসিয়া জীব হিংসা করেন নাই। মহর্ষির মহানহিম ওণে আগ্রমন্ত ভীব সকল নির্বিয়ে বাস করিয়। আসিতেছে, অত্তা হিংপ্রজন্তরও হিংসা নাই, সকল জীব পরস্পার বন্ধভাবে একতা মিলিভ হইরা ক্রীডা করে। একণে আপনি নরপতি, যাহা কর্ডবা হয় কৰুন |

রাজা নীলোৎপলের এই সকল কথা শ্রবণ মাত্র সেনা-পতিদিগকে আহ্বান করিয়া আদেশ করিলেন, তোমরা অবিলম্বে দৈনা লইয়া অরণ্যে প্রান্তভাগে গিয়া অবস্থিতি কর, আমি মূনিবরকে দর্শন ও প্রণাম করিয়া আদিতেছি আমার প্রত্যাগমনের বিলম্ব হইলে তোমরা উদ্বিগ্ন হইও না। রাজা এই কথা বলিয়া নীলোৎপল সমভিব্যাহারে ঋষিদর্শনে চলিলেন। পরে মহর্ষির পর্ণশালার নিকটবর্ত্তী ছইয়া ट्रिटिलन, श्रविक्रगांदादा मुनित छक्रिक छेशिविक इहेश বেদাদি নানা শাস্ত্র অধায়ন করিতেছেন। মূনির দেহপ্রভা স্থারশার নাার বিকীর্ণ ছইতেছে, প্রথমে দেখিলেই বোধ হয় যেন, দিনমণি আকাশমার্গ পরিত্রাগ পুর্বক খবির আকার ধারণ করিয়া রক্ষদূলে মুগচর্ন্দোপরি উপবিষ্ট ক্ট্যা নেদার্থব্যাথ্যা করিতেছেন। তাঁহার মস্তকে জটা-ভার, ললাটে ভন্ম-তিপুণ্ডক, গলদেশে ক্রাক্ষমালা ও যজ্যেপবীত, দর্শন করিবামাত্র যুগপৎ অন্তঃকরণে ভয় ও ভক্তি রদের সঞ্চার হয়। রাজা ক্রমে ক্রমে খবির সম্মথে উপন্থিত হইলেন, গলদেশে বস্তু প্রদান করিয়া অঞ্জলি বন্ধনপ্রবাক সাফীজপ্রণাম করিলেন এবং বিনয়বচনে বলিলেন, ভগবন! আমি না জানিয়া এই অরণ্যে আদিয়া দাতিশয় আশ্রমপীড়া দিয়াছি, অতএব আপনি

অনুকম্পা প্রদর্শন পূর্বক আমার অপরাধ মার্জনা করন।

মহারাজের এইরপ বিনীতবচন শ্রবণ করিয়া মুনিবর করণাক্র চিত্ত হইয়া বলিলেন, বৎস! তোমার সবিনয়ব চনে, নম স্বভাব ও ধর্ম ভর দর্শনে, আমি অতিশয় সন্তুষ্ট হইয়াছি, এক্ষণে যদি তোমার কোন মনস্কামনাথাকে তাহা
প্রকাশ করিয়াবল, আমি সাধানসুসারে সিদ্ধ করিব।

রাজা মুনির এইরপ কফণাস্চক বাকা প্রবণ করিয়া,
মনে মনে এই বলিয়া চিন্তা করিতে লাগিলেন, বুলি এতদিনের পর বিশ্বনিয়ন্তা অামার মনোরথ সকল করিবেন;
মুছুইর্ভিক পরে বলিলেন, ভগবন্! যদি আগানি আমার
প্রেতি সদয় হইয়া থাকেন, তবে আদি যেন অচিরাৎ পুত্রমুগ
দর্শন করিয়া জীবনকে সফল জ্ঞান করিতে সক্ষম হই.এমত
বহ প্রদান কফন। রাজা পুত্র কামনা করাতে মুনি ঈষদ্ধাসী
করিয়া বলিলেন, বৎস চক্রদেন! তুনি দৈবতুর্বিপাকরশতঃ
এজন্মে পুত্রমুগ দর্শন করিতে সমর্থ হইবে না।

রাজা মুনির এই বাকা শ্রবন্যাত চুংথসাগরে নিমগ্র হট্যা অতিমৃত্যুবরে বলিলেন, ক্ষিরাজ! আমি এজন্ম জ্বীনাবিচ্ছিরে কোন দেবতা,খ্যমি অংবা ব্রাহ্মণাদির অব্যাননা নাই, এবং কাহারও কথন কোন অনিই করিতেও বাসনা করি নাই, তবে জগদীশ্বর আমাকে কি নিমিন্ত প্তের মুখারবিন্দদর্শনে বঞ্চিত করিলেন, তাহার সবিশেষ বর্ণন করিতে আজা হউক। রাজা এই প্রকারে মুনিকে পুনঃ পুনঃ অনুরোধ করাতে, কালত্রয়দর্শী নহর্ষি শিষ্যগণকে আহ্বান করিয়া বলিলেন, তোমরা বেদাদিপাঠে ক্লান্ত হইয়া অদ্য নহারাজ চক্রসেনের পূর্বজেমার্ত্তান্ত, ও এজন্মে কি নিমিত্তই বা ইনি পুত্রমুখাবলোকনর্গ স্থান্ত্তব বিষয়ে ব্যান্ত হইয়াছেন, তাহা সবিশেষ বর্ণন করিতেছি অবধান পূর্বক প্রবণ কর।

অনন্তর শিষ্যমগুলী মুনির বাক্য শ্রবণে সাতিশয় কেতি হলাকান্ত হইয়া ব্যথাচিত্তে শ্রবণ করিতে বসিলে, মুনি বলিতে লাগিলেন, দেখ, এই মহারাজ পূর্বজন্ম কর্ণাট প্রদেশে দেশকানদীতীরে কাঞ্চনপুর-নগরীতে বিদ্যাপতি নামে স্থাসিদ্ধ অতি যশস্বী নরপতি ছিলেন। একদা রাজা জলবিহারাশয়ে, লোচনানন্দ নামক মন্ত্রীর প্রতিরাজ্যভার সমর্পণ করিয়া স্বয়ং সঞ্জীবন নামক প্রিয়বয়স্য ও সৈন্যাদি সন্ভিব্যাহারে তর্ণীযোগে যাত্রা করিলেন ক্রেনে নদী দিয়া বাইতে বাইতে সাগরে উপস্থিত হইলেন। সাগরের পর্বতাকার তরক্ষ দর্শনে সাতিশয় চম্ৎক্রত হইলেন এবং ক্রমে ক্রমে ক্রমে কিয়ক্তর গমন করিয়া এক জনশ্রা

কুত্রদ্বীপপ্রান্তে একটা কুরর পক্ষী অবলোকন করিলেন। রাজা कोशांक वस कविवाद डेएकर्ग भदांगरम भद्रमञ्जान कविरासन । তাঁছার প্রিয়বয়স্য সঞ্জীবন, তাঁছাকে এইরপ শর্মিকেপ করিতে উদাত দেখিয়া বলিলেন মহারাজ! শরনিক্ষেপ করিবেন না, তুরায় উহার প্রতিসংহার করুন। দেখুন ঐ পশ্চিনিকটে, যজ্জস্ত্রধারী এক তাপস নেত্রযুগল মুদ্রিত করিয়া, যোগাসনে বসিয়া আছেন, কি জানি পক্ষিবধ করিতে পাছে যোগীর যোগ ভঙ্গ হয়। রাজা বহুসোর বাকা আবণ না করিয়া শরনিক্ষেপ করিলেন। চুর্ব্বিপাকবশতঃ শরের গতি প্রচণ্ড সমীরণ দ্বারা প্রতিরোধিত হওয়াতে ঐ শর পক্ষিণাত স্পর্শ না করিয়া, যোগীর শরীরে পতিত ছইল। ব্রাহ্মণ শরাঘাতে আছত ছইয়া নেত্র উদ্মীলন প্রক্র রে চুরাত্মন ! ভুই যেমন আমাকে চিরপ্রার্থিত পুত্র কামনার্থ ভগবতী হৈমবতীর আরাধনা হইতে বিরত করিলি, তোকে যেন জন্মান্তরে কথন তনয়-মুখ দর্শন করিতে না হয়, এই বলিয়া রাজাকে অভিসম্পাত করিলেন।

রাজ্ঞা তথন যৌবন-বনে প্রবেশ করিয়া, মত্তকরীর ন্যায় কোন বিপদে ক্রক্ষেপ করিতেন না স্থতরাং ত্রক্ষশাপে কর্ণপাত না করিয়া কর্ণধারকে ক্রেমাগত পোত চালন করিতে জাজ্ঞা দিলেন। কর্ণধার রাজাজ্ঞানুসারে তরণী চালন করিতে লাগিল। মহারাজ ও তাঁহার প্রিয়বয়স্য জলগংখ মাইতে যাইতে নানাস্থানে বিশ্বপতির নানারণ কেশিল, ও তন্নির্মিত জলস্তন্ত্র ও উফ-প্রস্রবর্গদি বহুবিধ বিচিত্রব**স্ত** সন্দর্শন করিয়া অনির্বাচনীয় সৃখাতুত্তব করিতে লাগিলেন। কিয়দিবস মধ্যে যেথানে ত্রেভায়ুগাবভার ভগবান্ রামচন্দ্র বানর ভল্ল,কাদি সহায় করিয়া লঙ্কাধিগতি দশানন কর্তৃক অপহতা জানকীর উদ্ধারার্থ জলনিধিকে বন্ধন করিয়াছিলেন দেই স্থানে উপন্থিত হইয়া কর্ণধারকে অর্ণবতরী ভাঁরে সংলগ্ন করিতে আদেশ প্রদান করিলেন। অনন্তর আপনি প্রিয়-বয়দা দমভিয়াহারে তটে অবর্ডার্ণ হইয়া, এরানচন্দ্রের কীর্ভি-দর্শনে অতাত উল্লাসিত হইলেন। কিয়হক্ষণণারে নেকিয়ে প্রেত্যাগমন করিলেন। তথায় কিয়ৎকাল অবস্থিতি করিয়া মদেশে আগমন করিলেন এবং কয়েক বৎসর নির্বিয়ে রাজ্য ভোগ করিয়া মানবলীলা সম্বরণ করিলেন।

মহর্ষি এইরপে কথা সমাপ্ত করিয়া, রাজাকে পূর্বজন্মরভান্ত শ্রনণে অভ্যন্ত ছঃথিত দেখিয়া বলিলেন,
মহারাজ! তুমি জ্ঞানবান হইয়া কেন জ্ঞানের ন্যায়
গতান্ত্রশোচনা করিতেছ? ভূমগুলস্থ সকল জীবকেই পূর্বজন্মান্তিত পাপপুনামুসারে ফলভোগ করিতে হয়, বিশেষতঃ
ব্রহ্মশাপ হইতে মুক্ত করিবার কাহারও সাধ্য নাই; বাহা

হউক, আমি তোমাকে এই বর দিতেছি যে, তোমার আশু একটা রূপবতী গুণবতী, সাবিদ্ধীর ন্যায় পতিব্রতা কন্যা হইবে এবং ভৎ-পাতিব্রতা প্রভাবে তোমারও পরে স্বর্গলাভ হইবে।

এবস্থিধ কথোপকথন করিতে করিতে দিবা অবসান হইল। দিবাবসানে গগনমগুল বক্তবর্ণ হওয়াতে পৃথিবীস্থ সমস্ত বস্তু তৎপ্রতিবিদ্ধে লোহিতবর্ণ হইল। নলিনী দিন-মণির বিচ্ছেদভাপে ভাপিত হইয়া বিরহিণী কামিনীর ন্যায় দ্রান হইল। বিহগকুল রবিকে অন্তগিরি মধ্যে প্রবেশ করিতে দেখিয়া, কোলাহল শব্দ করিয়া আপান আপান কুলায়ে গমন করিল। কুমুদিনী নিশামণির আগমনকাল উপস্থিত দেখিয়া আহলাদে প্রফুল হইতে লাগিল। সন্ত্যাস্মীরণ মন্দ মন্দ প্রবাহিত হইয়া জগৎকে সুণীতল করিল। অনন্তর রাজা সন্ধ্যাসময় উপস্থিত দেখিয়। মহর্ষিকে বলিলেন, ভগবন ! আমি এক্ষণে আপনার নিকট বিদায় লইয়া শিবিরে যাইতে অভিলাষ করি। মুনি নৃপরাক্য শ্রবণ করিয়া বলিলেন, অদ্য তোমার শিবিরে যাইবার যদ্যাপি নিতান্ত প্রয়োজন হইযা থাকে, তবে যাইতে পার, নচেৎ সন্ত্যাকালে আত্রম পরি-जारेश कित्रश यां अश विर्धिय नरह, कला आदि शमन कितिल **医阿麦**有 |

মহর্ষি এই কথা বলিয়া সন্ধার উপাসনা করিতে বসিলেম ক্রমে ক্রমে অন্ধকারের আবির্ভাব ক্ষল-নক্ষত্রগণ নভোমগুলে প্রকাশিত হইয়া, মণির ন্যায় উজ্জ্বলকিরণ বিস্তার করিল। কিঞ্চিৎ বিলম্বে নিশানাথ প্রাদিকে উদয় হইয়া সুধানয় কিরণবিকিরণ দ্বারা তিমির নাশ করিয়া জগৎকে আলোক-ময় করিলেন। স্থাংশু সমাগমে কুমুদিনী বিকসিত, এবং मकल अोगी आक्लोमगोगरत निमग्न इहैल। महर्षि मक्तात উপাসনাদি সমাপন করিয়া ঋষিকুমারদিগকে বলিলেন, তোমরা শীদ্র মহারাজের আহারাদির উদযোগ করিয়। দিয়া আপনারাও আহারাদি করিয়া শয়ন কর। অনন্তর শিষোরা মুনির আদেশ ও সঙ্কেত ক্রমে আশ্রমন্থ কপ্প-পাদপের সাহায্যসহকারে, যথাবিহিত রাজভোগ্য দ্রব্যাদি সকল আহরণ পূর্মক রাজাকে ভোজন করাইলেন। রাজা আহান্ত্রীতে শয়ন করিয়া মহর্ষির অপার মহিমা চিন্তা করিতে করিতে যামিনী যাপন করিলেন।

নিশা অবসান হইলে মরাল সকল কলরব করিয়া উঠিল। কোকিল সকল কুছ, কুছ,রব করিয়া আহারাছে-ষণে দিগ্দিগন্তরে মমন বরিল, বিরহকাতর চক্রবাক-মিথুন মিলিত হইল। প্রভাত সমীরণ মন্দ মন্দ প্রবাহিত হইয়া পুশু সকলকে আন্দোলিত করিয়া ভাহাদের মকরন্দ সংযুক্ত গন্ধবাহি-পরাগপ্ঞকে চতুর্দিকে বিস্তার করিতে লাগিল।
মধুকর কমলকুল বিকসিত হইবার সময় সমাগত দেখিয়া গুন
গুনধনি করিয়া তদুদেশে প্রস্থান করিল। কুমুদিনী কুমুদনাথের প্রভারস্থাস দেখিয়া মুদ্রিত হইতে লাগিল। রাজা
প্রভাতকাল উপস্থিত দেখিয়া, গাত্রোম্থানপূর্ব্বক প্রাতঃকৃত্য
সমাপন করিয়া মহর্ষির সন্মুখে উপস্থিত হইয়া প্রণান
প্রংসর বলিলেন, ভগবন্! আপনি আমার প্রতি যে
প্রকার দয়া প্রদর্শন করিয়াছেন, তাহাতে আমি আপনাকে
কৃতার্থজ্ঞান করিয়াছি। এক্লণে কিঞ্জিৎ সন্তুপদেশ দিয়া
স্থানাকে বিদায় করিতে আজ্ঞা হউক।

মহর্মি বলিলেন, বৎস চক্রসেন! তুমি সর্মাণ্ডণে গুণাহিত, তোমাকে উপদেশ দেওয়া বাত্লামাত। তবে তোমার
বিনর পরতন্ত্র হইরা, কিঞ্চিৎ উপদেশ দিতেছি এবণ কর;
জগৎকতা জগদীশ্ব এই ভূমগুলে মানব জাতিকে শ্রমিরপ
এক অমূল্যরত্ন প্রদান করিয়া অনাান্য জীবের অপেকা শ্রেষ্ঠতন করিয়াছেন। ধর্মিহীন নর পশ্তুলা। তুমি নরপতি,
বিশ্বপতি তোমাকে পৃথিবীর হিতার্থে এতাদৃশ উচ্চপদে
অভিবিক্ত করিয়াছেন, এক্ণণে তুমি কায়ননোবাক্যে পৃথিবীক্ত
সকলের মন্তল সাধন কর, অনাথকে আশ্রম দাও, সহায়হীনের সহায় হও, নির্ধনকে ধনদান কর, জ্ঞাতি বন্ধু বাছব-

দিগের সম্মান হৃদ্ধি কর, গুৰুজনের শুক্রবা কর, প্রজাদিগকে পুত্রবৎ প্রতিপালন কর, হূর ত্ত লোককে দমন করিয়া সুশীল-কে পালন কর, ঋষি ও ব্রাহ্মণদিগকে ভক্তি প্রদর্শন ছারা ভূষ্ট কর, আমি আশীর্মাদ করিতেছি ভূমি যুষিষ্ঠিরের ন্যায় ধর্মপরায়ণ হইয়া, সুখে সামাজ্য ভোগ কর।

এবন্প্রকার সন্তুপদেশ সকল অবণপূর্ব্বক রাজা মহর্ষিকে প্রণাম করিয়া ক্ষমাবারাভিমুখে চলিলেন।

\* তপোবন মধ্য দিয়া যাইতে যাইতে প্রভাকর উদয় হইল. প্রভাকরের প্রভানব নব তরুপত্রোপরি পতিত হওয়াতে. এক অনির্বাচনীয় শোভা হইল। রাজা আশ্রমের নানা প্রকার শোভা দর্শন করিতে করিতে পটগ্যহের নিকট পদত্রজে উপ-স্থিত হইলেন, সৈন্যসামন্তেরা রাজাকে দর্শন করিয়া আহ্লা-দিত হইয়া বলিল, মহারাজ! ভাস্করের কিরণ ক্রমশঃ প্রথর ছইতেছে, এক্ষণে আর বিলম্ব করিবার আবশ্যকতা নাই, ত্বরায় রাজধানীর অভিমুখে গমন করিলে ভাল হয়। রাজা এই কথা প্রবণমাত্র অস্থারোহণ পূর্বক চতুরক্ষ সৈন্য সমভি-ব্যাহারে গৃহাভিমুখে যাত্রা করিলেন। পথিমধ্যেই মধ্যাহ সময় উপস্থিত হইল। রবি গগনমগুলের মধাভাগ হইতে অগ্নিবৎ কিরণ বিস্তার করিতে লাগিলেন। মার্ত্তগ্রের উত্তাপে সৈন্যগণের গাত্র হইতে অবিরত ঘর্ম্ম নিঃস্ত হইতে লাগিল,

অশ্বগণ ভৃষ্ণার্ক্ত হইরাঘন ঘন হেষারব করিতে আরম্ভ করিল, রাজার মুখচন্দ্র বিবর্ণতা প্রাপ্ত হইল। এই রূপে নরপতি নিতান্ত প্রান্ত ও ব্লান্ত হইয়া দৈন্য সামন্ত সম্ভিব্যাহারে রাজভবনের বহিছারে উপস্থিত হইলেন এবং ঘোটক হইতে অবতীর্ণ হইয়া সম্ভিব্যাহারী লোকদিগকে স্ব স্থানে প্রস্থান করিতে আদেশ দিয়া আপনি অন্তঃপুর মধ্যে প্রবেশ করিলেন। তথায় মূগয়াবেশ পরিত্যাগ করিয়া ক্ষণ কাল বিশ্রামের পর স্থান ভোজনাদি সমাপনপূর্ম্বক শয়নাগারে অপূর্ম্ব শয়্যায় শয়ন করিলেন।

কিঞ্চিৎকাল বিশ্রাদের পর গাত্রোম্থানপূর্দ্ধক রাজমহিনীকে মৃগয়াযাত্রার আলোপান্ত বিবরণ বর্ণন করিয়া
প্রীতিপ্রফুল্লবদনে বলিলেন, প্রিয়ে! অনেক কালের পর
আমাদিগের মনোরথ পূর্ণ হইবার সন্তাবনা হইয়াছে। ঋষি
দিগের বাক্য কথন মিথ্যা হয় না, অবশ্যই তাহার ফল দর্শে
সন্দেহ নাই। তুমি ভক্তি ভাবে সেই মহর্ষির মানসী আরাধনা
কর, তাহাতে অবিলক্ষে অপত্য তৃঞ্চা দূর হইবে। এই বলিয়া
রাজা অন্তঃপুর হইতে বহির্গত হইয়া সভায় গমন ক্রিলেন।
সভাসদাণ নৃপতিকে দর্শন করিয়া আসন হইতে উঠিয়া রীত্যসুসারে সন্তাঘণ করিল। নরপতি সিংহাসনে উপবিষ্ট হইয়া
ক্ষণকালপরে মন্ত্রীকে আহ্বান করিয়া বলিলেন, আগামীকলা

অবধি প্রতিদিন, যেথানে যত দেব দেবী আছেন, তাঁহাদের ঘোড়শোপচারে পূজা দিতে হইবেক এবং ব্রাহ্মণদিগকে কাঞ্চন-মুদ্রা দান ও অতিথি অভ্যাগত দিগকে সন্তন্ত করিয়া বিদায় করিতে হইবেক। তোমার প্রতি এই সকল কর্ম্মের ভারার্পণ করিলাম, যাহাতে কার্য্য যথাবিধি নির্ম্বাহ্ম, তাহা করিবে। অমাত্য রাজাজ্ঞানুসারে ধর্মকর্ম সকল স্থাঞ্জানরপে প্রতাহ সমাধা করিতে লাগিলেন এই প্রকার বহুবিধ পুণাকর্ম দারা নূপতি উত্তরোত্তর অতি সশস্মী ও

## শরৎকুমারী।

--- 348 ----

#### দ্বিতীয়-দর্গ।

কিয়ন্দিবস পরে মুনিদত্ত বর-প্রভাবে রাজমহিষী গর্ভবতী হইলেন। রাজা মহিষীকে সমত্তা দেথিয়া আহলাদ-সাগবে মগ্ন হইলেন! ক্রমে ক্রমে প্রসবসময় সমাগত হইল। শর্হকালের এক যামিনীযোগে যথন শশধর মেঘশুন্য নভোমগুলের মধ্য ভাগ ছইতে সুধাময় নির্দাল মহীচি বিস্তার করিতে ছিলেন ; এবং পক্ষিগণ চন্দ্রমার পরিষ্কার প্রভা দর্শনে ভ্রমবশতঃ নিশাবসান জ্ঞান করিয়া, অনবরত সুমধুর কলরব করিতেছিল, এমন সময়ে রাজ্ঞী শুভলগ্নে এক সুলক্ষণা কন্যা প্রসব করিলেন। কন্যা ভূমিষ্ঠ হইবামাত্র তাহার রূপলাবণ্যে স্তিকাগ্রহের দীপপ্রভা হতপ্রভা হইল। তদনন্তর মালতী নাম্ম একদাসী রাজার শয়ন মন্দিরে উপস্থিত হইয়া বলিল, মহারাজ! শীত্র গাতোখান কলন রাজ্ঞীর এক কন্যা হইয়াছে। রাজা এই সংবাদ অবণমাত্র হর্ষোৎফুল্লচিত্তে ক্রিড়াবাহিকাকে সম্ভষ্ট করিয়া বিদায় করিলেন।

রজনী প্রভাত হইলে, প্রামবাসীরা এই শুভসংবাদ শুনিয়া আহলাদে মঙ্গলগ্ধনি করিতে লাগিলে। নৃপতিও অকাতরে পতিনির্কিশেষে ধন্দান করিতে লাগিলেন। ব্রাহ্মণদিগকে অপরিমিত দান করিলেন, দরিদ্রে, আতুর, শঞ্জ অন্ধদিগকে প্রচুর ধন দিয়া তাহাদিগের হুংখনোচন করিলেন, বন্দীগণকে কারাগার হইতে মুক্ত করিলেন। রাজবাদীস্থ সমস্ত কর্মচারী ও দাসদাসীদিগকে যথোচিত প্রস্কার দিলেন, দিগুদিগন্তর হইতে সমাগত মাগধ, বন্দী প্রস্কার দিলেন, দিগুদিগন্তর হইতে সমাগত মাগধ, বন্দী প্রস্কার করিয়া বিদায় করিলেন। অনন্তর রাজা শুভলামে কন্যার মুখকমল দর্শন করিয়া নেত্রছয়কে চরিতার্থ করিলেন।

রাজকন্যা দিন দিন শুক্লপক্ষীয় শশিকলার ন্যায় রিদ্ধি পাইতে লাগিলেন। নৃপতি নিয়মিত সময়ে চুহিতার তার প্রাণনাদি সমুদয় ক্রিয়া সমাপনপূর্বাক কন্যার নাম-করণ করিলেন। কন্যার শরৎকালে জয় হওয়াতে রাজা তাঁহার শরৎকুমারী নাম রাখিলেন। তিনি প্রত্যহ রাজ-কুমারীর মুখারবিন্দ দর্শন করিয়া নব নব সুখানুভব করিতে লাগিলেন। এই রূপে কিয়ৎকাল অতীত হইলে, রাজা এক দিবস সভায় রত্তভূষিত সিংহাসনোপরি উপবিক্ট আছেন, এমত সময়ে মন্ত্রিবর বলিলোন, মহারাজ! শরৎ

कुमाबीत विमानिकात काल बहेताहर, काल विष्कत आनारेबा उछिमन निर्मानुस्क ठीशांक विमातिश्च करारित ভাল इंग : (यहकू विका अमृलाधन । विकासिया हिजाहिक विदयनमा अ धर्म छ्यांन इस, विष्या निका कविदल সর্বাভঃ সর্বব্যালী পরাৎপর পরমেশ্বরের অভ্যাশ্চর্য্য কীর্ত্তি-সকল জানিতে পারা যায়, বিদ্যারপ চকুষারা অপ্রভাক रिवर्ष मकलं एपिएड भोडता योह, विमा मन्नां छ मन्मा-নের প্রস্তিম্বরূপ, অন্যান্য ধন তশ্বর কর্তৃক অপহত হইবার नञ्जावमा आरष्ट्, किन्छ विमानधम कोशांत अलाश्द्रण कविवांद्र गांधा माहै। यादात क्रमग्रजा और विमानित्य शतिशृर्व थाटक, छाडांत्र हिश्मा, मेर्ना, यम याध्मर्यामि निरुष्ठे अहि गरुल ध्यकाना करेला भारत ना ।" ७३ मश्मारत विमारि मातभार्थ। দাক্তা পিপাসার সময়ে সুশীতল নির্মান বারি পান করিলে (य श्रीकांत चीमन रह, श्रीम्काल प्रक्रिशमिल मन मन क्षितीहिल इंहरेल अलुःकत्रभ टाकुल धाकुल इस, शहम मिरखह महिछ बहामिया विराक्षमांत्य फिलन इस्ता दक्षण वन প্রাক্ত হয়, নিবিড় মেহাচ্ছন রজনীতে পর্ম শোভাকর निर्मा गर्भनम् अस्त जिम्रा क्रेटिन एएक्स आरमान क्रा, ज्यान विश्वातिल भीष्य अध्योनकल कृष्णांक गाँखि कविश्वा मनत्क क्रिक करते। स्वाहात गहीत विमान विमलक्ष না থাকে, সে বিশাল কুলোদ্ভব হইলেও পরিমল বিহীন মুশোভন শালালী প্রত্যের ন্যার অনাদৃত হয়, ও ভাহান দয়া, ধর্মা, শীলভা, ন্যতা, প্রতৃতি সলগুণ সকল সমধিক শোভা পায় না।

আপনি শরৎক্রাহীর শিক্ষাদান বিষয়ে উপেকা কবিবেন ন। কামিনীদিগকে বিদ্যাভাগে ববান জগদী-শ্বের অন্ভিন্ত কাষ্য নতে, এ বিষ্টে উচ্চার অভিপ্রায না থাকিলে তিনি কদাচ প্ৰয়দিখেৰ নাম স্বীজাতিকে মানসিক আকম্তা অপুন কবিতেন ন। স্থীগণতে বিদ শিক্ষা দিলে অনেক মন্ত্রল মন্ত্রাবনা। ভাষার। বিদাবভী करेल. अधर्म गांदर्श करम अनार्शन करत मा। नियमिङ कर्ष मकल सुभाष्यलकर्भ मर्माश्च करत. बतर शुक्कन्दक र. र. ভয় ও ভক্তি করে। দেখুন, কর্ণাটরাজমহিনী ও জাখুপতি শ্বাদার চুহিতা গ'বিত্রী এবং ভাস্করাচার্যোর ফ্না। লীলাবভী প্রভৃতি জ্রীলোকেরা বিদ্যারশীলন করিয়া এভাদুশ গুণবর্তী कुनीला अ यमाखिकी इरेगीफिटलन, दर कांशामिरशत ुला छन-বিশিষ্ট পুৰুষও অভি অপ্প দেখিতে পাওয়া যায়। স্ত্ৰীলোক দিগের হাদ্যক্ষেত্রে বিদ্যারপে বীজ বর্ণন মা করিলে কথনই छेख्य कत्लव खाना कवा योव मा। विमाणित छोरावा नेवी বেষ হিংমাদি নিরুষ্ট রভিসকলের পরতন্ত্র হইয়া কালক্ষেণ

নতে, বিদ্যানিহীল বোষিভাগ কলতে গত থাকে, লজাকে লকেবাৰে জলান্তলি দেৱ, কাহাৰত খুণ অল্পতা লেখিছে পাতে লা, সময় বিশেষে আপন গুকত্লা পতিকেও কুমন্ত্ৰণা হারা হৃহত্বে প্রবর্তিত করে। দেখুন, আঘোষানিপতি রাজপ্রেষ্ঠ দশর্থ শ্বীর মহিনী কৈকেরীর কুমন্ত্রণা শুনিরা প্রাণগুতিন পুত্র রামচন্দ্রকে জটাবলুকল পরিধান করাইরা বনবাস দিরাছিলেন। আপনিও পুত্রপোকে অভিভূত ইইরা প্রাণভাগি করিয়াছিলেন। কৈকেরী পণ্ডিতা হইলে এতাদৃশ কার্যো কণনই প্রান্ত হইতেন না। অভ্যাব নিবেদন ক্ষরিতেছি, যে জীজাভিকে অজ্ঞানরপ তিনিরে আক্ষর রাখা কদাচ বুজিসিদ্ধ নছে। আপনি বিজ্ঞ, যাহা কর্তব্য হর কনন।

 দেখিয়া শিকককে বলিলেন, আপনার পরিবার, শরৎ কুর্নারীয় আযত্ত্ব, এবং আনার মনোরখ সফল ছইয়াছে একলৈ ক্রায়ক কিঞ্চিৎ সন্থানেশ প্রদান করিয়া বিদ্যালয় ছইডে বিদায় দিলে ভাল হয়।

আচার্য রাজাভ্যানুসারে ক্লাকে আহ্বান করিয়া विनातन वर्षा । তোমার পাঠ সমাপ্ত হইরাছে, একণে কিঞ্চিৎ উপদেশ দিতেছি, শ্ৰৰণ কর। যিনি এই অথিল उचारअत जगुमत्र भमार्थ रुक्टि कतिशारहम, यिनि পুৰিবীছ সমস্ত জীবের সেকিব্যার্থ, নামাবিধ উপার করিবা मिश्रोट्डन, यिनि मसारनद्र मारि नक्लरक धाउिशालन कित-शांद्रम, यिनि ष्टांन ଓ धर्म बांद्रा मानवरमस्टक जनकृष्ठ করিভেছেন, যিত্রি আমাদিগকে কণকালের নিমিত বিশ্ব ভ घरतम ना, यादात धानारण आमता अवस्थि सूथरकाण করিডেছি, সেই সর্বজ্ঞ সর্বব্যাপী ভটি-ছিভি-প্রলয়কর্ত্তা, অন্বিভীয় পর্যাত্মা পর্যেশ্বরের জ্রীতিসহকারে প্রভাষ জারা-ধনা করিবে, তাঁছার আজ্ঞাসুবর্তিনী হইরা ভক্তি ও শ্রহা সহকারে সুনিয়ন সকল প্রতিপালন কুরিবে সর্বাদা পাপকর্ম इटेर्डि निज्ञन्त थाकित ; छीरांत्र क्षित्रकारी मांबरम विस्नव उद्भात हरेत, वर्षाय जनक जनमी अङ्खि छनजनक समावा क्षित्र, अकल शक्ति अधि अधुक्क्नी अमर्गन क्षित्र,

আহকার পরিত্যাগ করিয়া সকল মনুব্যকে আপনার ন্যায় জ্ঞান করিবে, যাহাতে ধর্মের উন্নতি হয় সর্ব্বতোভাবে সে চেক্টা করিবে, মৃত্যুকালে ধর্ম ব্যতিরেকে যৌবন ধনসম্পত্তি প্রভৃতি কিছুই অনুগামী হয় না।

অধাপক এইরূপ সচুপদেশ দিয়া রাজকন্যাকে বলিলেন দেশ এই সংসারে স্ত্রীজাতির পক্ষে পাতিব্রভ্য এক প্রধান ধর্ম। সহস্র সহস্র পূল্যকর্ম করিলেও একমাত্র পতিভক্তি না থাকিলে ভন্মে আন্ততি প্রদানের নাায় সমুদায় নিরর্থক হয়। স্ত্রীলোকের পতিই গতি, পতিই বন্ধু, পতিই গুরু, পতি অপেক্ষা প্রধান গুরু আর কেছ নাই, তুমি সর্ম্বদা পতিসেবা করিবে, প্রাণান্তেও স্বামীর আজ্ঞা লক্ত্যন করিবে না, যে ভার্য্যা স্বামীর বশবর্জিনী না হয়, তাহার দ্রুর্গতির পরিসীমা থাকে না, যাহারা পতিব্রভা ভাহারা,কি ইছকাল কি পরকাল, উভয় কালেই স্বামীর সহিত পরম সুধে কাল্যাপন করে। তুমি সাধ্যাসুসারে পতিব্রভাধর্ম প্রতিপালনে যতুশীলা ছইবে।

উপদেশ দান সমাপ্ত হইলে পর, অধ্যাপক রাজকন্যাকে বিদ্যামন্দির হইতে গৃহে যাইবার অনুমতি দিলেন। স্থাজ-কুমারী গুরুর চরণারবিন্দে প্রণামপুর:সর নৃপতি সমভিব্যা- শরৎকুমারীর পাঠ সমাপ্তি সংবাদ শ্রবণে সাতিশয় আনন্দিত ছইলেন, রাজমহিষীও কন্যার মুখচুখন করিয়া মধুর বচনে বলিলেন, বংসে! অদ্য তোমাকে বিদ্যালয়ারে বিভূষিতা দেখিয়া আমার মনোবাঞ্জা পূর্ণ ছইল।

শরৎকুমারী ক্রমে যেবিনদশার উত্তীর্ণ হইলেন রাজা তাঁহার বিবাহ সময় উপস্থিত দেখিয়া বিবাহের চেক্টা আরম্ভ করিলেন।

## শরৎকুমারী।

----

## তৃতীয় দর্গ।

নুপতি একদিবস সভামগুণে গমন করিয়া মন্ত্রীকে বলিলেন, শর্ৎকুমারীর বিবাহ কাল উপনীত হইয়াছে। অভএৰ তৃষি স্থানে স্থানে রূপবান্, গুণবান্, বৃদ্ধিমান্, বিদ্বান, ও আভিজাতাবান পাত অন্বেষণার্থ দূত প্রেরণ কর। অমাত্য রাজাজ্ঞাসুসারে দৃত প্রেরণের উদ্যোগ করিতে লাগিলেন, এমত সময়ে প্রতিহারী আসিয়া রাজাকে নিবেদন করিল, মহারাজ! অন্তঃপুর হইতে মালতীনাল্লী দাসী কি সংবাদ লইয়া আসিয়াছে, যদাপি অনুমতি হয়, সভায় 🚧 ইদে। রাজা প্রতিহারীর কথা প্রবণ মাত্র আসিতে অনুমতি দিলেন। মালভী সভায় আসিয়া রাজসমূথে দণ্ডায়মানা হইয়া ক্রতাঞ্চলিপুটে নিবেদন করিল, মহারাজ! আপনি অন্তঃপুর হইতে বহির্গত হইলে শরৎকুমারী পণ্ডিভাভি-মানিনী হইয়া প্রতিজ্ঞা করিয়াছেন যে, যিনি আমাকে শান্তবিচারে পরাস্ত করিতে পারিবেন তাঁহাকেই আমি বরমালা প্রদান করিব। রাজা এই কথা প্রবণ করিয়া বার্তা-বাহিকাকে বিদার করিয়া মন্ত্রীকে বলিলেন, তুমি মাল-তীর মুখে রাজকুমারীর প্রতিজ্ঞার বিষয় প্রবণ করিলে এক্ষণে যাহা যুক্তিসিদ্ধ হয় কর।

রজনী প্রভাত হইলে রাজকন্যার স্বরস্বর হইবে এই ঘোষণায় নগর কোলাহলময় হইষা উঠিল! রাজবাটীস্থ এক প্রশান্ত অঙ্গনে সন্তা হইল, সভার উপরি ভাগ মনোহর চক্রাত-পদ্ধারা আচ্ছাদিত হইল, নিম্নে পাণিগ্রহণাভিলাষী রাজগণ বিচিত্র আসনে উপবেশন করিলেন। এনত সময়ে গুণবভী गत्र क्माती क्रमक ममिक्या हारत क्यम मिति स्था मित्र किया पिक्षण हार प्रभावनी लग्ने मिन्न मिन्न स्था मिन्न स्था मिन्न हरेला । मिन्न क्ष्मण मिन्न क्ष्मण क्या क्ष्मण क्ष्मण क्ष्मण क्ष्मण क्ष्मण क्ष्मण क्ष्मण क्ष्मण क्ष्मण

অনন্তর বিচার মারন্ত হইল । শার্র কুমানী ও'ার সকলকেই পরান্ত করিলেন। অবশেবে স্থাপ্রীতীবন্দ ভীবাক্ষ
নগরের দোর্শণ্ড প্রতাপান্থিত নীলকান্ত মহারাজেব পুল্র স্থান
কান্তের নিকটে পরাতুত হইলেন। রাজসুমারী কেবল মে
স্থাকোন্তের ওবে মোহিত হইলেন এরপ নহে তাহার স্থান
কান্ত মান্য কান্তি দর্শন করিয়া একান্ত মোহিত হইয়া
মাল্যদান করিলেন। মাল্যদান করিবামান্ত রাজভবন
মহোব্দবন্ধ ও নগর আনন্দময় হইয়া উঠিল, অন্তঃপুরবাসি
নীরা শঞ্জানি প্রংসর পুষ্প ও লাজ প্রভৃতি বিক্ষেপ করিষঃ
মঙ্গলাচরণ করিতে করিতে পাত্র ও কন্যাকে অন্তর্ভবনে লইয়া

শেল। রাজ্ঞী, জামাতা ও চুহিতার মুখ দর্শন করিয়া আহলাদ-জাগরে মর্ম হইলেন।

রাজকুমারস্থ্যকান্ত ও শরৎকুমারী পরস্পর প্রাণয়পাশে বন্ধ হইয়া সুথে কালযাপন করিতে লাগিলেন। শরৎকুমারী এরপ পতিপরায়ণা হইলেন যে প্রত্যাহ স্বানীর চরণারবিন্দ পূজা না করিয়া জল গ্রহণ করিতেন না ৄ স্থাকান্তও তাঁহার পতিভক্তি দর্শনে এভাদৃশ বশীভূত হইলেন যে, ক্ষণকাল উহার মুথ কমল দর্শন না করিয়া প্রাণ ধারণ করিতে পারিতেন না। এই প্রকার সন্তাবে কিয়ৎকাল অভিবাহিত रहेत्न अकमा न्र्राकान्त मांलडीत्क विलालम, आमि हक्षरमथर পর্বতন্থিত দৌৰাদিদেব চক্রচ্ডুকে দুর্শন করিতে যাইবার অভিলাষ করিয়াছি, কিন্তু রাজকুমারীর নিকট বিদায় লইভে পারিতেছি না, কি জানি পাছে তিনি আমার গমনের প্রতিবন্ধকতাচরণ করেন। অতএব তুমি তাঁহার নিকট এই কথা উল্লেখ করিয়া ভাঁছার মত কর।

অনন্তর মালতী নৃপদন্দিনীর মাদ্দিরে উপস্থিত ইইয়া এই কথা বলাতে, তিনি উদ্ভূর করিলেন, মালতি । এবিষয়ের জন্য ভোমাকে অনুষ্রাধ করিতে ইইবে কেন, তিনি আমার গুৰু, তিনি যাহা করিবেন, আমি ভাহাতেই মামুভ আছি। মালতী এই সকল কথা স্থাবাস্তকে বলিলেপির তিনি নুপতির নিকটে বিষায় ছইতে গমন করিলেন। রাজা জামাতাকে মিতান্ত গমনোৎসুক দেথিয়া,মন্ত্রীকে এই আদেশ क्रिलिन, त्य त्रांककूमांतरक छीवन शहनमधा निता याहरी इंदेरिक अजमा किल्रीत वीत्र शूक्य वे हात ममिल्याहादा मां । वीत श्रक्रवता तांमांका शाहेवांमां व प्रमेकिक इहेन, প্রাকান্ত অন্তঃপ্রস্থ সকলের নিকট বিদায় লইয়া এক বেগগানী অন্থোপরি আরোহণ পূর্বক চক্রশেণর পর্বভাতি-मू व राजा कतिलन। अवेनीमधा मिहा गाइता राइता प्रिथितन, कांन शान जीवनांकांत्र जल जनन नथनात्य निर्द्धा नशन कतिशो ब्यांट्स, क्लांन चारन क्वतन विद्यक्ल নবপল্লবিত হক্ষোপরি বসিয়া আনন্দে সুস্থরে গান कतिराज्यक, क्लांन क्लांन धानक श्राम्भागारिन मधुकरतर्वा মধুপানার্থ গুন গুন ধনি করিয়া এক পূভা হইতে অন্য প্রত্যে বসিতেছে, কোন ছানে মনোহর সরোবরছ বিকসিত কমলোপরি অলিকুল দলবদ্ধ হইয়াঝকার করিতেছে। এইরূপে কিয়ন্দুর যাইতে ঘাইতে বেলা তুই প্রহর হইল। রবি গগুলমগুলের মধ্যভাগ হইতে প্রথর र्वकास रहवात ध्रावंत কর বিস্তার করিতে লাগিলেন। উত্তাপে ক্লান্ত হইরা, সমভিব্যাহারী ব্যক্তিদিগকে পরিআন্ত क्तिया अक विभाग उक्छाल सर्व इहेटड व्यकीर्य इहेटमन এবং সে দিবস তথায় স্নান ভোজনাদি করিয়া ক্ষবছিতি করিলেন।

পরদিবদ প্রভাবে গাত্রোত্থান করিয়া প্রছবৈক্যধ্যে চক্রশেশর পর্বতের উপত্যকায় উপস্থিত হইলেন। তথায় घारिक रहेट अवजीर्व रहेता समस्तिताराती वार्किनिगटक বিশ্রাম করিতে আদেশ দিলেন, এবং আপনিও কিয়ৎকণ বিশ্রাম করিয়া স্নান করিলেন। অন্তর পর্বভশকে আরো-रंग कित्रा छगवान् व्यक्तकृत्कृत मन्त्रित अत्यम कित्रलम । মন্দির মধ্যে প্রবেশ করিয়া মহাদেবকে ভক্তিভাবে সাফীক প্রাণিপতি করিলেন। পরে দেখিলেন মন্দিরের অভ্যন্তরে এক সুত্রী যুবাপুৰুষ নেত্রযুগল নিমীলন করিয়। ভগবানের আরাধনা করিতেছেন। তাঁহার ললাটে চলনতিপুঞ্ক, गलरमर्ग दिल्पलयांला, श्रांष रमियांगां छक्ति द्रागद আবির্ভাব হয়। স্থাকান্ত সেই প্রক্ষরত্বকে বিলক্ষণ রূপে मित्रीक्रण कतिशा मत्न मत्न वित्ववना कतिलन, देनि कान দেশের রাজকুমার হইবেন, তাহার সন্দেহ নাই। ই হার শরীরে শধ্য,পদ্ম,পতাকা, রেখা প্রভৃতি রাজনকণ সকল লক্ষিত হইতেছে। যাহা হউক আরাধনা সমাপ্তি হইলে আমাকে ই হার পরিচয় লইতে হইবেক। এই বলিয়া আপনি মন্দির সন্ম খবিত এক প্রকাণ্ড ভয়ালভক্তলে উপবেশন করিলেন।

কলকাল পরে তাপস আসন হইতে গাত্রোত্থান করিলেন। প্রাকান্ত তৎক্ষণাথ তাঁহার সম্মুখ্য দণ্ডায়নান
হইয়া বিনয়বচনে জিজাসা করিলেন, আপনি কে? এবং
কি নিনিত্তই বা এতাদৃশ কঠিন তপ্সায় প্রত্ত হইয়াছেন,
আমি সবিশেষ জানিতে অভিলাষী হইডেছি। আপনি
অনুত্রহ প্রকাশ পূর্বক আত্মপরিচয় ও তপ্সা করিবার
কারণ বর্ণন করিয়া আমাকে কৃতার্থ ককন। তাপস রাজকুমারের বিনয়বচনে তুট হইয়া বলিলেন, এক্ষণে বেলা
অধিক হইয়াছে, তুমি অথ্রে মধ্যাক্ত কৃত্য সমাপন করিয়া
আত্মাকে পরিত্ত কর, পশ্চাথ আমার রভাত্ত প্রবণ
করিবে। প্র্যাকান্তের ভোক্ষনাদি সমাপন হইলে পর তাপস
তমালতলে উপবেশন পূর্বক আত্মব্রান্ত বলিতে লাগিলেন।

ভাবিত দেশে মিহির নামে এক সুপ্রসিদ্ধ নগর আছে, তথায় শক্ষরদেব নামক প্রবলপ্রতাপ, সর্বস্তুণ সম্পন্ন এই সমৃদ্ধ নরপতি ছিলেন, যিনি ভুজবলে শক্রকুল নির্মাণ এবং শাসনবলে চুন্টের দমন করিয়া প্রজাদিগকে সন্তানের নাম প্রতিপালন করিতেন, যিনি সর্ব্বদা লোকের হিতকার্যাকু- জানে তৎপর থাকিতেন, যিনি বছবিধ পুণাকর্ম করিয়া জগত্তে বিখ্যাত হইয়াছিলেন। আমি সেই মহাত্মার সন্তান,

করিয়া স্থাতিকা গৃহেই কালের করাল প্রাসেপতিত হন,
পিতা আনাকে নাতৃহীন দেখিয়া সাতিশয় সেহ করিতেন, এ
আমার বিদ্যাভানের কাল উপস্থিত হইলে তিনি প্রযন্ত্রাতিশয় সহকারে বিদ্যাশিকা করাইলেন। আমি বয়ঃপ্রাপ্ত
হইলে তিনি আমাকে রাজ্যভার সমর্পণ করিয়া নিশ্চিস্ত
হইলেন।

একদা আমি বত্সংখ্য সৈন্য সীমন্ত সম্ভিব্যাহারে দিঘিজয়ার্থ যাত্রা করিয়া বতু দেশ জয় করিলাম। পরিশেষে পরাক্রমশালী বীর্যবান মহারাষ্ট্রাধিপভিকে পরাস্ত করিতে আমার বতুদিবস বিল্ছ হইল। পিভার আমি একমাত্র পত্রে, স্তরাং তিনি আমার কোন সংবাদ না পাইয়া, নানাপ্রকার বিপদের আশঙ্কা করাতে চিন্তাজ্বে, অভিভূত হইয়া পঞ্চত্ব প্রাপ্ত হটলেন।

এদিকে আমি দিখিজয় ব্যাপার সমাপন করিয়া স্বীয়.
রাজধানীতে প্রভাগমন করিলাম। মন্ত্রীয়ুথে পিডার
মৃত্যু সংবাদ শ্রবণ করিয়া মৃচ্ছিত হইয়া ছুডলে পতিও
হইলাম। ক্ষণকাল পরে মৃচ্ছা ভক্ষ হলৈ আমি পিডার
শোকে কাতর হইয়া বাস্পাক্লনয়নে ক্রমাগত বিলাপ করিতে
লাগিলাম, এবং মনে ক্রিলাম এই অবনিমগুলে আমার
ছুলা হতভাগ্য আর কেইই নাই। আমাকে প্রস্ব করিয়া

মাতা শতিকাগৃহেই প্রাণত্যাগ করেন, পিতাও আমার व्यक्तांगमस्मत्र विलय मर्गरम स्थापनागरत निमय स्ट्रेश পরলোকে গমন করিলেন। বিধাতা কেন তাঁহাদিগের অনুগামী করিলেন না, হায়! আমি এক দিনের নিমিত্ত জনকজননীর শুক্রাবা করিতে পাইলাম না। মন্ত্রী আমাকে এই প্রকার পিতৃশোকে নিভান্ত অধীর ও উশ্বভথায় হইয়া মুক্তকণ্ঠে রোদন করিতে দেখিয়া বলি-লেন, আপনি জ্ঞানবানু হইয়া কেন মৃত ব্যক্তির জন্য অকৃতাপ করিতেছেন। এই অসার সংসারে কেছই চিরস্থায়ী নহে, জন্ম হইলেই মৃত্যু আছে, অন্য কথা কি, এ জগৎই ছায়ী নছে। আপনি শোকাবেগ সংবয়ণ কৰুন, বিলাপ করিলে মৃত ব্যক্তিদিগকে কথনই পুনঃপ্রাপ্ত ছওয়া যায় না। শাস্ত্রে কথিত আছে মৃতু ব্যক্তিরাই শোকে অভিভূত হইয়া থাকে, পণ্ডিভেরা কখন শোকের বদীভূত হন না, আপনি মহাত্মা, প্রাক্তত লোকের ন্যায় আপনকার শোকে মগ্র হওয়া কথন উচিত হয় না,আপনি যদি প্রাক্তর ন্যায়শোকে কাডর श्रेराम, छोरा श्रेरल मांक मध्यवन कवित्य कि? आंब्र পণ্ডিত ও মূর্যের প্রভেদ থাকিবে কি? আমি আপনাকে বিনয় বাক্যে কহিভেছি আপনি অবিলয়ে শোক পরিভাগ ্ৰুব্ৰিয়া ছিব্ৰ চিত্তে রাজকাৰ্য্য সকল পৰ্য্যালোচন। কৰুন।

মন্ত্রী এইরূপ নানা প্রকার সান্ত্রনা বাক্য দ্বারা আনার চিত্ত বিলোদন করিতে লাগিলেন, কিন্তু মুন কোন প্রকারেই প্রবোধ মানিল না। পরিশেষে যখন আমি গাছভাগ্রম পরিত্যাগ করিবার উদুযোগ করিতেছিলান, তথন মন্ত্রী সাতি-শয় চুঃথিত হুইয়া আমাকে বলিতে লাগিলেন, হে মহাত্মন! স্বৰ্গীয় শঙ্কৱদেবের পুত্র! আপনি অনাথের নাথ হইয়া কেন আমাদিগকে অনীথ করিয়া যাইতেছেন, আপনি রাজ্য পরি-ত্যাগ করিয়া গেলে, লোকের তু:থের পরিসীনা থাকিবেক না, ও আপনকার বিরহে আমাদিগের জনপদে বাস করা হুষ্কর হইবে। এ পৃথিবীতে আত্রমচতুষ্টয়ের মধ্যে সংসার আত্রমই সর্ব্বোৎকৃষ্ট, আপনি বৃদ্ধিমান হইয়া কেন এই সুখনয় আ-শ্রম পরিত্যাগ করিতেছেন। আমি যাচুঞা করি, আপনি সংসার আশ্রমে থাকিয়া জ্ঞাতিবন্ধু ও সমস্ত প্রজাদিগকে এইতিপালন কৰুন; এবং ইন্দের নাায় শক্রকুল নির্মা,ল করিয়া নিৰুৎকণ্ঠ চিত্তে ও সুথে রাজ্য ভোগ কৰুন। ইভ্যাদি উপদেশ দিয়া যখন তিনি দেখিলেন, আমি কোন মতেই অভিমত কার্য্য হইতে বিমুখ হইলাম না, তথন তিনি উপদেশ প্রদানে कांख इंदेलन।

পরে আমি তাঁছাকে রাজ্য সমর্পণ করিয়া বৈরাগ্য ধর্মীবলম্বন পূর্বক চজ্রনেথর পর্বতে আসিয়া দেবাদিদেব চন্দ্র ত্রে শরণাপর হইলাম,এবং সেই অবধিপ্রত্যহন্ত জিন্তাবে এই অনাধনাথ ক্রিলোক্যনাথের অর্ক্ত না করিয়া আসিতেছি। আনার তুল্য হতভাগ্য এই জগতে আর কেছই নাই। এই কথা বলিয়া বরদাকান্ত দীর্ঘনিশ্বাস পরিত্যাগ করিলেন।

স্থ্যকান্ত বরদাকান্তের আদ্যোপান্ত শ্রবণ করিয়া মনে মনে চিন্তা করিতে লাগিলেন, আমিও বহুদিবদ হইল পিতা-মাতার নিকট হইতে বিদায় হইয়া আদিয়াছি, আমার গৃহণ্যমনের বিলম্ব দেখিয়া ভাঁহারা অত্যন্ত উদ্বিগ্ধ হইয়াছেন সন্দেহ নাই। যাহা হউক, এক্ষণে স্থশুরালয়ে আর অধিক দিবদ বিলম্ব করা কর্ত্তব্য নহে। রাজকুমার এই প্রকার হিন্তা করত বরদাকান্তের নিকট বিদায় হইয়া চন্দ্রশেখর পর্যতের উপত্যকায় গুমুন করিলেন। তথায় উপস্থিত হইয়া সমন্তিব্যাহারী ব্যক্তিদিগকে সুসজ্জিত হইতে আদেশ দিলেন। ক্ষণকাল পরে তাহারা সুসজ্জিত হইলে, স্থ্যকান্ত অস্থোপ্যি আর্হাণপুর্যক চন্দ্রপুর নগরাভিমুথে গমন করিলেন।

কিয়কুর যাইতে যাইতে সন্ধানাল সমাগত হইল
মলরানিল মন্দ মন্দ সঞ্চারিত হইরা পৃথিবীত সমস্ত জীবের
মনে আহলাদ জন্মাইরা দিল। পাকিগণ ব্যুহবদ্ধ হইরা
আপন আপন নীড়ে আগমন করিতে লাগিল। রাজকুমার
সন্ধানাল উপস্থিত দেখিয়া গগণ মধান্থিত এক প্রশস্ত লভা-

মগুপের নিকট আহা হইতে অবতীর্ণ হইলেন, এবং অহাপালকে
আহা বন্ধন করিতে আদেশ দিয়া বীরপুক্ষগণ সমভিষ্যাহারে
লতামগুপের মধ্যে প্রবেগ করিলেন। তথায় যথালক্ষ
আহারাদি সমাপন পূর্বক পল্লব নির্মিত শর্যায় শয়ন করিয়া
জনক জননীর বিষয় চিন্তা করিতে করিতে যামিনী যাপন
করিলেন।

পূর্ব্বদিক প্রকাশ হইল। পক্ষিকুল কোলাছল শব্দ করিয়া
নীড় পরিভাগের উদান করিতে লাগিল, সরোবরস্থ কলহংস
সকল কলরব করিয়া উঠিল, কোকিল প্রভাভ সনীরণের মন্দ
নন্দ হিলোলে আহ্লাদিত হইয়া তহুশাখায় উপবেশন পূর্ব্বক
পঞ্চনম্বরে কুছু কুছু রব করিতে লাগিল, অনরগণ প্রস্কৃত্ব
কুল কুমুনোপরি ঝহার করিতে লাগিল। রাজকুনার প্রভাভ
কাল উপদ্বিত দেখিয়া শযা। হইতে গাত্রোপান করিয়। তুরক্ষমে
আরোহণ করিলেন। অর্থ এরপ ক্রভ বেগে গনন করিল যে,
অল্পকাল নথাে রাজবাতীর ছারছেশে আসিয়া উপনীত হইল।
রাজা জানাতার প্রভাগনন সম্বাদ শ্রবণ করিয়া অতিশয়
আনন্দিত হইলেন। স্থাকান্ত অর্থ হইতে অবতীর্ণ হইয়া
নুপতির চরণবন্দন পূর্ব্বক অন্তঃপুরুমধ্যে প্রবেশ করিলেন।

রাজকুমার ক্ষণকাল পরে ভোজনাদি সমাপন করিযা বিশ্রামার্থ শয়নমন্দিরে গন্দ করিলেন। তথায় পিতামাতার বিষয় স্মৃতিপথে আরত ছওয়াতে, চিন্তায় ময় ছইয়া করতলে কপোলবিনাাসপূর্ব্ধক বিষয়বদনে রোদন করিতে লাগিলেন। এমত সময়ে শরৎকুমারী রাজকুমারের নিকট উপস্থিত ছইয়া তাঁছার এরপ অবস্থা দর্শনে অভ্যন্ত শক্ষিতা ছইলেন, এবং শয্যার এক পার্শ্বে উপবেশন করিয়া কাতরবচনে জিজ্ঞাসা করিলেন, নাথ! তুনি কি নিমিত্ত লানবদনে ও দীন নয়নে রোদন করিতেছ, তোমার শোক ও রোদনের কারণ কিছুই বুবিতে না পারিয়া এ অধিনীর চিত্ত ব্যাকুল ও হৃদয় বিদীর্ণ ছইতেছে, আমি কি কোন অপরাধ করিয়াছি, অথবা অন্য কেছ কোন অপকার করিয়াছে। আপনি অত্প্রহপূর্ব্ধক শোকের কারণ বর্ণন করিয়া আমার চিন্তা দূর ককন।

স্থ্যকান্ত ক্ষণকাল নিস্তব্ধ ও নিক্তর হইয়া রচিলেন, পরে দীর্ঘনিখাস পরিত্যাগপুর্বক বলিলেন, প্রিয়ে ! আনি দেবাদিদেব চন্দ্রচ্ভুকে দর্শন করিতে পিয়া তাঁহার মন্দিরমধ্যে এক রাজকুমারকে তপস্যা করিতে দেখিলাম। অনস্তর তাঁহার নবীন বয়সে তাদৃশ আরাসসাধ্য তপাংসাধনে প্রেরতির কারণ জিজ্ঞাসা করাতে তিনি উত্তর করিলেন, একদা আমি দিয়িজয়ে গমন করিয়া বত্তির বিলম্বে বাটী প্রত্যাগমন করিলাম, পরে মন্ত্রীমুধে

y 1.

শ্রবণ করিলান যে, পিতা আমার প্রত্যাগমনের বিলম্বদর্শনে লানা প্রকার বিপদের আশকা করিয়া চিন্তাসাগরে নিমম হইয়া প্রাণত্যাগ করিয়াছেন। আমি দয়ায়য় পিডার মৃত্যুসম্বাদ শ্রবণমাত্র আপনাকে হতভাগ্য ও সংসারকে অসার জ্ঞান করিয়া মন্ত্রীকে রাজ্য সমর্পণ পূর্বক এই ত্রনেশ্বরের আশ্রয় লইয়াছি। আমি রাজকুমারের বৈরাগ্যাশ্রম অবলম্বনের রক্তান্ত শ্রবণাবিধি সাতিশয় উৎক্রিগাগ্রম অবলম্বনের রক্তান্ত শ্রবণাবিধি সাতিশয় উৎক্রিগার কোন সংবাদ প্রাপ্ত হন নাই, কি জানি পাছে তাঁহাদেরও সেইয়প অবস্থা ঘটে, যাহা হউক এখানে আমার আর অবস্থিতি করা বিধেয় নহে। এক্ষণে তুমি এই সকল সমাচার তোমার জননীর গোচর কর।

শরৎকুমারী স্বামীর আজ্ঞানুসারে এই সকল সমাচার মালতী দ্বারা জননীর কর্ণগোচর করিলেম। পরে নৃপতি অন্তঃপ্রমধ্যে আগমন করিলে,মহিবী তাঁহার নিকট উপস্থিত হুইয়া বলিলেন, মহারাজ! প্রাকান্ত বাটী গমন জনা একান্ত ব্যত্র ও উৎসুক হুইয়াছেন, অন্তএর শরৎকুমারীকে ভুৎসমভিব্যাহারে প্রেরণ করিতে হুইবে, প্রবিষয়ের শীজ্র উদ্যোগ করিলে ভাল হয়। রাজা মহিবীর বাক্য শ্রবণ করিয়া সভায় গমন পূর্কক অমাজ্যকে বলিলেন, কল্য জানাতা ও চুহিতাকে ছীরাকর নগরে প্রেরণ করিতে হইবে, এজন্য তুনি রাজি যথে আবশ্যক দ্রব্যাদি আয়োজন করিয়া রাখ। মন্ত্রী রাজাজ্ঞাতুসারে সমুদায় দ্রব্য সংগ্রহ করিলেন।

রাত্রি প্রভাত হইল। দাসদাসীয়া স্থ্যকান্ত ও শরৎকুমারীর যাত্রা কাল উপস্থিত দেখিয়া অপূর্ব্ধ বস্ত্রাভরণ স্থারা বেশভূষা সমাধা করিয়া দিল। প্রাণ ভূল্য শরৎকুমারী পভিগৃহে যাইবেল বলিয়া নরপতি ও রাজমহিষী শোকাকুল হইয়া অনবরত ক্রন্দন করিতে লাগিলেন। মালতী এই প্রকারে গমনের বিলম্ব দেখিয়া রাজা ও রাজ্ঞীকে সম্বোধন করিয়া বলিলেন, আপনারা শোক সম্বরণ করিয়া জামাতা ও গ্রহিতাকৈ বিদায় কঞ্লু, অন্থিক কাল বিলম্ব হইতেছে।

নরপতি কথিঞ্ছিৎ শোঁকাবেগ সম্বরণ পূর্ব্বক স্থ্যকান্তকে সম্মোধন করিয়া বলিলেন, বৎস! তুমি সকল শাস্ত্র অধ্যয়ন করিয়াছ, ভোমার প্রতি উপদেষ্টব্য কিছুই নাই, ভথাপি তুমি আমার নিতান্ত স্নেহের পাত্র এজন্য কিঞ্চিৎ বলিতেছি, শ্রেবণ কর, ভোমার পিভা ভোমাকে অতুল ঐশ্বর্যের অধীশ্বর করিবেন, কিন্তু তুমি ধনমদে মন্ত হইবে না, ধনোশ্বত ব্যক্তির? অসম্মু চিত্তিত্তে অসৎ কর্ম্মে প্রয়ন্ত হয়। পাপকে কিছুমাত্র ভয় করে না। জগদীশ্বরের নিয়ম লক্ত্যন করিয়া পরকালে নানাপ্রকার যন্ত্রণা ক্রোগ করে। তুমি সুশীল, ভথাপি

ভোমাকে বীরম্বার উপদেশ দিভেছি, দেখ যেন ধনমদে দিয়াও হইয়া অধর্মমার্গে পদার্পণ করত সাধুদিগের উপকাস্যাস্পদ হইও মা। কাম, ক্রোধ, লোভাদি তুর্জ্জয় রিপ্রগকে আত্মবশে রাখিবে। পিতার রাজ্যে অভিষিক্ত
হইয়া সুনিয়মে রাজ্যশাসন করিবে। আমি ভোমাকে বিদ্ধান, গুণবান, ও ধীর দেখিয়া প্রাণ্সমচ্ছিতাকে সম্প্রদান করিয়াছি, এই বিবেচনা করিয়া তুমি শর্হকুমার্রার প্রতি স্নেহদ্ফি রাখিবে। এবিধ্যের জন্য ভোমাকে আর অধিক কি বলিব। আমি আম্পির্কাদ করিতেছি তুমি দীর্ঘজীবী হইয়া সুথে সাম্রাজ্য ভোগ কর।

শুর্যাকান্তকে এই উপদেশ দিয়া রাজা শরৎকুমারীকে আফান করিয়া বলিলেন, বৎসে! তুমি অদা পতিগৃহে গাইবে বলিয়া আমার কঠরোধ হইরা বাকুশক্তি রহিত ইইতেছে। তুমি কোন শাস্তে অথবা লোকিক রভাত্তে অনভিজ্ঞা নহ, তোমাকে উপদেশ দেওয়া বাহুল্যমাত্র; তথাপি কিঞ্জিং উপদেশ দিওে হয এজনা বলিতেছি শ্রবণ কর, তুমি পতিগৃহে গমন করিয়া গুরুজনদিগের শুক্রাষা করিবে, দাসদাসীদিগের প্রতি অমুকল্পা প্রদর্শন করিবে, শ্রামী অপ্রিয়কার্য্য করিলেও তাহার প্রতি রোবপ্রকাশ আমান কর্কশ বাক্য প্রের্মাণ করিবে না, সর্ব্বাদা পতি দেবায়

তৎপর থাকিবে, খ্রীজাতির পতিভক্তি ব্যতিরেকে অন্য গণ্ডি নাই, তুমি পতিগৃছে গিয়া সাংসারিক ব্যাপারে ব্যাপৃতা থাকিবে। উপদেশ প্রদান সমাপ্ত হইলে, রাজা অফ্রপূর্ণ-নয়নে ও গদাদবচনে বলিলেন, বৎসে! ঈশ্বর কফন তুমি শীত্র পুত্রবতী হও ও সম্রাটের মহিবী হইয়া সুথে কালক্ষেপ কর।

অনস্তর স্থ্যকাস্ত ও শরৎকুমারী একে একে গুরুজন-দিগকে প্রণাম করিয়া মালভীকে সমভিব্যাহারে লইয়া অস্তঃপুর হইতে বহির্গত হইলেন, রাজা ও মহিষী ক্রন্দন করিয়া প্রতিনিরত্ত হইলেন।

## শরৎকুমারী।

## চতুর্থ দর্গ।

প্রকান্ত, শরৎকুমারী ও মালতী রমণীয় রথোপরি আরোহণ করিবা হীরাকর নগরাভিমুধে যাতা করিলেন। অধ্ব গণ বারুবেগে ধাবমান হইল। তাহাদের খুরোথিত রজোনালি উড়ডীরমান হইরা গগনপথ আচ্ছর করিল। প্র্যুকান্ত ও শরৎকুমারী ক্রমে ক্রমে নানা গ্রাম অতিক্রম করিবা পরি শেবে বনমার্গে উপনীত হইলেন। রাজকুমার ও রাজকুমারী হুন্টিতিও অরণ্যের শোভা সন্দর্শন করিতে লাগিলেন, কোন ছানে মধুকরেরা মধুগন্ধে অন্ধ হইরা এক পূজা হইতে অন্য প্রে বসিতেছে, কোন ছানে মনোহর বাপীতটে কলহংস, ক্রেপিন্থান, চক্রবাক প্রভৃতি মানাজাতি জলচর পক্ষিগণ কলরব করিতেছে, কোনছানে অপূর্ব্ব সরোব্রে অসংখ্য

ইন্দীবর, অরবিন্দ, ও কোকনদ প্রভৃতি প্রফুল্ল ছইরা আনির্ক্ষণীর শোভাসম্পাদন করিতেছে, কোনস্থানে হরিণ হরিণীগণ রথচক্রের ঘর্মর শন্দ্রপ্রবেণে ভীত হইরা পলায়ন করিতেছে।
স্থানান্তরে প্রশন্ত পুছরিণীতে রহৎ রহৎ মীন সকল ভাসমান
ছইডেছে,কোথাও বা বিশাল ব্যাল আলবালের ন্যার রক্ষমূল
বেষ্টন করিয়া আছে, কোন স্থানে রক্ষ সকল ফলভরে অবনত্ত ইয়া সাতিশর শোভা সম্পাদন করিতেছে, কোন স্থানে
সারস্থাণ শ্রেণীবদ্ধ হইয়া গগন্মার্থে উভূতীন হইতেছে।
স্প্রেকান্ত ও শরৎকুমারী এই প্রকার বন শোভা সন্দর্শন
করিতে করিতে যাইতে লাগিলেন। দিবা অবসাম হইল।

ভগবানু মরীচিমালী অস্তাচলশিখরাবলম্বী হইলেন, গগনমণ্ডল লোহিও বর্ণ হইয়া উঠিল, পতাতিকুল কলরব করিতে করিতে স্ব স্থাবাসরক্ষে উপবেশন করিতে লাগিল, নিশাবিহঙ্গম সকল বিচরণার্থ দিয়িদিক গমন করিতে আরম্ভ করিল, এবং অন্ধকারের ক্রমশঃ প্রাচ্নভাব হইতে লাগিল। স্থ্যকাস্ত সায়ংকাল উপস্থিত দেখিয়া সার্থিকে বলিলেন অদ্য এই স্থানে অবস্থিতি করিতে হইবে, অভএব ভূষি রশ্মিসংযত করিয়া র্থের বেগ সম্বর্গ কর। সার্থি বলিলে, রাজকুমার, এই ভীষণ গহনে অবস্থিতি করা হইবে আশ্রম দেখা হাইতেছে, ঐ স্থানে গিয়ারথ স্থাপন করা কর্তব্য।

এই বলিয়া সার্থি অশ্বণণকে কশাঘাত করিবামাত্র
ভালারা বাষ্বেগে ধাবমান হইয়া ক্ষণকাল মধ্যে আশ্রমপ্রান্তে আসিয়া উপস্থিত হইল, রাজকুমার ও রাজকুমারী
আশ্রমপদে উত্তীর্ণ হইয়া দেখিলেন, হরিণ শিশুগণ নিঃশস্কচিত্তে সিংহ শাবকের সহিত তৃণাচ্ছর ভূতলে শয়ন করিষা
রহিয়াছে, তাপস তনয়েরা কেশরীর জটাকর্ষণ পূর্ব্বক ক্রীড়া
করিতেহেল, সন্ধ্যা সমীরণ হোমগন্ধ বিস্তার পূর্ব্বক
মন্দ মন্দ সঞ্চারিত হইতেছে, খগমুখভ্রেফ নীবার সকল
ভক্রতলে পতিত রহিয়াছে, তপোবনস্থ চল্পক, গন্ধরাজ,
মল্লিকা প্রভৃতি নানাজাতি কুসুমগন্ধে দিকু আমোদিত
হইতেছে।

তান ন্তর পর্যাকান্ত সার্থির প্রতি অশ্বানকে বিশ্রাম করাইবার আদেশ দিয়া রথ ছইতে অবরোহণ করিলেন, এবং শরৎকুমারী ও মালতীকে নামাইয়া ওপোবনের অভান্তরে প্রবেশ করিয়া দেখিলেন, রক্তপুষ্পা তকতলে মৃগচর্মাসনো-পরি প্রশান্ত গন্তীরাকৃতি মহাতপা মহর্ষি পুঞ্জীকাক্ষ সায়ন্তন সত্র সমাপন করিয়া শিষ্যাণ সমন্তিবাহারে নানা পুণা কথা প্রসঙ্গে কালাতিপাত করিতেছেন। প্রাকান্ত প্র শরৎকুমারী নহর্ষির সমুখে উপদ্বিত হইরা বিনয়-বচনে আপন আপন পরিচর দিয়া তাঁছার চরণমুগলে নিপতিত হইলেন। ঋষিরাজ প্রীতিপূর্ম্বক উভয়কে আশীর্মাদ করিয়া পরমাদরে যথোচিত সভাজন করিলেন। ক্ষণকাল পরে শরৎকুমারীকে রাজর্ষি চন্দ্রসেনের কুশলবার্ডা জিজাসা করিলেন। শরৎকুমারী বিনয় বচনে বলিলেন, ভগবন্! আপনি বাঁছার প্রতি সদয় আছেন, তাঁছার বিপরের সম্ভাবনা কি? আপনকার রূপাতে তিনি নির্মিয়ে রাজাভোগ করিতেছেন, তাঁছার বিপক্ষ নাই।

এইরপ কথোপকথন করিতে করিতে নিশানাথ গগনমণ্ডলে উদিত হইরা সমুদায় তিনির বিনই করিলেন
স্থাংশুর সমাগমে আশ্রমন্থ সম্ভ জীব আহ্লাদে নিময়
হইল, মহর্ষি শরনকাল উপস্থিত দেখিরা নীলোৎপল নামক
শিষ্যকে আহ্লান করিয়া বলিলেন, বংস! রাত্তি অধিক
হইরাছে, অজ্ঞার তুমি উহাদিগকে আহারাদি করাইরা ঐ
অশোক করর তলন্থিত পর্ণশালার রাখিরা আইস।
নীলোধপল গুরুর আজ্ঞানুসারে স্থাকান্ত শরৎকুমারী এবং
মালভীকৈ আহারাদি করাইরা ঋষি নির্দিষ্ট ছানে রাখিরা
প্রভাগমন করিলেন। রাজকুমার ও রাজকুমারী পর্ণকুটীরস্থ

অনস্তর বিত্যুৎতুল্য রূপসম্পন্না এক কন্যা কৃটীরছারদেশে
দণ্ডায়মানা ছইয়া স্থাকাস্তকে বলিলেন, রাজকুমার! শীস্ত্র
গাত্রোপান করুন, আমি বিশেষপ্রয়োজন বশতঃ আপনকার
সমীপে আসিয়াছি। রাজকুমার ব্যস্তসমন্ত ছইয়া শ্যা। ছইতে
উপিত ছইয়া বলিলেন, ভগবতি! আপনি কে? এবং কি
নিমিত্তই বা এই দাকণ বিভাবরীতে একাকিনী আমার নিকট
আসিয়াছেন, সবিশেষ বর্ণন করিয়া আমার উৎকণ্ঠা দূর
করুন।

পরে কন্যা রাজকুমারকে বলিতে লাগিলেন শুনিয়া
থাকিবেন চপ্রভাগানদীতীরে অর্ণভূম নগরে গুণসিন্ধু নামক এক
ধর্মপরারণ জিভেজ্রিয় নরপতি আছেন, আমি তাঁছারই
মহিন্নী। জগদীশ্বর আমাদিগকে সমুদায় সুখদায়ক বস্তু প্রদান করিয়া কেবল প্রমুখাবলোকসরপ সারভূতসুখে বীশ্বত রাখিয়াছেন,আমার পতি বিশ্বশান্তির মানসে আমাকে কুলগুরু পদায়ুনির আশ্রমে প্রেরণ করিয়াছেন। তপোধন ভক্তনা প্রেকিখন্ত আরম্ভ করিয়াছেন। কিন্তু এক তৃদ্ধান্ত নিশাতর আশ্রমে আসিয়া যজের বিশ্ব করিতেছে। মহর্ষি শিষ্মের নিকটে আপনকার এই আশ্রমে আগমন বার্ডা শ্রবণ করিয়া আমাকে আদেশ করিলেন অদা মহারাজ নীলকান্তের প্র তপোধন প্রুরীকাক্ষের আশ্রমে উত্তীর্ণ হইয়াছেন। তিনি সাতিশয় বলিষ্ঠ ও অন্ত্রবিদায় পারদর্শী, অতএব তুমি তথায় গমন করিয়া তাঁহাকে লইয়া আইস। তিনি আসিয়া তুরন্ত নিশাদরকে বধ করিলে, যজ্ঞবিদ্ন নিবারণ হইবে। অত-এব আমি মহর্ষির আজ্ঞানুসারে আপনাকে লইতে আসি-য়াছি । আপনি অনুগ্রহপূর্মক গমন করিলে আমি কৃতার্থ হই।

पर्याकां ख এই कथा व्यवन कतिया मन्न मन्म हिन्ता करितनम কি প্রকারে নিজাগতা প্রিয়ত্যা শ্রৎকুমারীকে এই অরণা-মধ্যে রাথিয়া গমন করিব। যদাপি সমভিব্যাহারে লইয়া যাই, ভাষা হইলেও নানাপ্রকার বিপদ ও ক্রেশের সম্ভাবনা রাজ-শ্রেষ্ঠ দশরথের পুত্র প্রীরামচন্দ্র সন্ত্রীক অরণ্যে গমন করিয়া নানাপ্রকার বিপূদে পতিত হইয়াছিলেন। যাহা ছউক, রাজ-মহিষীর অনুরোধ অন্যথা করা উচিত নহে, বিশেষতঃ আমা-দিগের বংশে চিরন্তনী এই প্রথা আছে যে কেই কথন পরের উপকারার্থ প্রাণদান করিতেও পরাভুমুখ নংহন। এক্ষণে যদি ভার্যাকে জাগরিত করিয়া বিদায় লইতে যাই ভাষা ছইলে তিনি আমার অনুগমন করিতে চাহিবেন সন্দেহ নাই। এই প্রকার ভাবিয়া শরৎকুমারীর নিজা-ভাষের আশহার ধীরে ধীরে শ্যা হইতে গাতোত্থান

অনন্তর হস্তে ধনুর্বাণ এছণ পূর্ব্বক পত্নীকে বনদেবতাদিগের হস্তে সমর্পণ করিয়া রাজমহিনীর পশ্চান্ধর্তী হইলেন।
নিশাবসানে নিশাচরাবকল্প আশ্রমে উপনীত হইয়া দেখিলেন, প্রকাণ্ড শরীর ক্রবাদ যজ্ঞীয় সামগ্রী রুঠন প্রতীক্ষায়
ইতস্ততঃ বিচরণ করিতেছে রাজকুমার তৎক্ষণাৎ আপনাকে
কৃতকার্যপ্রায় জ্ঞান করিয়া শরাসন্বে স্কৃতীক্ষ্ণ শর যোজন
করিলেন এবং বিকটাকৃতি রাক্ষসের বিশাল বক্ষঃস্থল লক্ষ্য
করিয়া শস্ত্র নিক্ষেপ করিলেন। নিশাচর স্ব্র্যাকান্তেব
জনোঘশস্ত্রাযাতে আহত হইয়া ভূতলে পতিত হইয়া অতি
ভীষণ চীৎকার করিয়া প্রাণত্যাগ করিল। ঋষি রাজকুমারের
জ্যামান্য প্রাক্রম দর্শনে অত্যন্ত সন্তুট্ট হইয়া যথোচিত
আশীর্কাদ করিলেন।

অনন্তর রাজকুমার তপোধনের চরণারবিন্দে প্রণার পুরংসর কৃতাঞ্জলিপুটে দণ্ডায়মান হইয়া নিবেদন করিলেন, ভশ্লবন্ ! আমি ভার্যাকে না বলিয়া এই স্থানে আসিয়াছি, তিনি আমার অদর্শনে সাতিশয় উদ্বিগ্না হইয়া থাকিবেন, অভএব এক্ষণে আমি বিদায় হই। এই বলিয়া পুঞ্জীকাক্ষ শ্বির আশ্রমাভিমুখে গমন করিলেন।

এদিকে শরৎকুমারী জাগরিত হইয়া স্বসমীপে পতিকে না দেখিরা শ্যা হইতে উপিত হইলেন এবং ধূলিতে ্ধুসরিত হইয়া শিরে করাঘাত করিয়া মুক্তকণ্ঠে এই বলিষা तामन करिएक लागितनम, माथ! जुनि आमारक এकांकिमी এই আতামে द्रांथियां कांथांत्र शाला, ट्रांमांत्र विकारम আমার প্রাণ কণ্ঠাগত হইতেছে, ডোমার মুখচন্দ্র দর্শন না করিয়া দশদিক অন্ধকার দেখিতেছি, ভোমাকে শাবন कतिया आमात कमत्र विमीर्ग व्हेटल्ट्, जामात विट्ल्ट्र ক্লণকাল যুগসহত্যের ন্যায় বোধ হইডেছে, তুমি বলিয়াছিলে যে আমাকে কথনই পরিভাগে করিবে না. ভবে কি দোষে এদাসীকে পরিভাগে করিলে। আমি কথন মনেতেও ভোমার অপ্রিয় কর্ম করি নাই ভবে কেন অভাগিনীকে সহায়হীনা করিয়া গেলে। জীবিতেশ্বর! কোথায় গেলে, শীন্ত एक्या मिशा প্রণয়িনীর প্রাণ রক্ষা কর, নাথ! তুমি আমাকে िटेलक मा (प्रशिश প्रांत धांत क्षांत्र किंद्रिक भीदिए मा. अकरन কিরপে এই হতভাগিনীকে পরিত্যাগ করিয়া গেলে ! কাস্ত ! আমার প্রাণ যায়, তুরায় দেখা দিয়া আমার মোহান্ধকার বিশষ্ট কর। আর্যাপুত্র! ভোমার বিরহে এই অশোকরক্ষও ক্মুমবর্ষণছলে অশ্রুপাত করিতেছে, ও আশ্রমন্থ সমস্ত পশুপ্রিকরাও প্রমোদ পরিত্যাগ পূর্বক নিত্তক্ত হইয়া রহি-রাছে। প্রিরভন! ভোষার অকপট সেহার্দ্দ কোথার গেল, আমি এক্ষণে কাছার শরণাপম ছইব। ছায়! আমার কি ছইল

হায়! এডদিনের পর, আনাকে স্বামীর বিচ্ছেদানলে দক্ষ रहें एक रहेल। रात ! आबि दक्त मांजुगर्ड विलीन मा रहेलांम, বিধাতঃ! ভোমার মনে এই ছিল ? হে ধর্ম ! আমি যে এড-দিন ভক্তি ভাবে পতি সেবা করিলাম তাহার কি এই প্রতি-कल कलिल। देखानि वार्जनान जिकालक महर्वि शुध्दी-कारकत कर्वक् श्रद्ध ध्यविष्ठे इदेवामाळ क्रिनि नियागन नम्डि-বাহারে শরৎকুমারীর নিকট আসিয়া উপস্থিত হইলেন, এবং সমাধিবলৈ তাঁছার বিলাপের সমস্ত রুক্তান্ত অবগত ছইয়া বলিলেন, বৎসে! তোমার চিন্তা কি, ভূমি আমার ক্ষেহপাত্রী তুমি নির্ভয় চিত্তে শোক সম্বরণ কর। আমি ভোমার পতিকে তুরায় আনাইতেছি। এইরূপ বিবিধ প্রকার বাকা ছারা রাজকু মারীকে সাস্ত্রা করিয়া মালভীকে বলিলেন, তুমি রাজকন্যার মুথপ্রকালনের নিমিত্ত শীন্ত্র ইশীতল বারি আনয়ন কর।

অনন্তর নীলোৎপলনামক শিষাকে বলিলেন,বৎস! পদ্মমুনি এক সন্তানার্থী নৃপতির জনা পুত্রেষ্টি যজ্ঞ আরম্ভ করিয়াক্টেন্স,কিন্ত একচুর্দান্ত নিশাচর তাঁছার আশ্রমে আসিয়া যজ্ঞ
বিশ্ব করাতে তিনি রাজকুমারকে তরিবারণার্থ নিশাঘোগে
তথার লইরা গিয়াছেন। স্ব্যকান্ত অদ্য প্রাতে সেই চুরন্ত
রাজনের প্রাণ বিনাশ করিয়া আমার আশ্রমে প্রভাবর্তন

করিতেছেন, অতএব পুমি তুরায় তাঁহাকে লইয়া আইন। মহর্ষি শিষ্যকে প্রেরণ করিয়া অন্তানে প্রস্থানকরিলেন।

কিন্তু শর্থকু মারীর তাপিত হৃদয় কোন ক্রমেই তপো-ধনের প্রবোধ বাকো সুশীতল হইল না। তিনি মনে মনে ভাবিতে লাগিলেন, বুঝি ঋষিরাভ, আভ্রমে স্ত্রীহতা৷ হইবে বলিয়া আমাকে সাস্তুনা করিয়া গেলেন, যাছা হউক আমাকে পড়ুর প্রত্যাগমনাশয়ে নিরাশ হইতে হইল সন্দেহ নাই! এই ভাবিয়া মালভীকে অশ্রুপূর্ণলোচনে বলিভে লাগিলেন স্থি! প্রাণেশ্বর কোথায় রহিলেন, আমি তাঁহার প্রফুল মুখারবিন্দ দর্শন না করিয়া আর প্রাণ ধারণ করিতে সমর্থ নহি। আমি তাঁহার নিকটে কখন কোন অপরাধ করি নাই, তবে কেন তিনি আমাকে পরিত্যাগ করিয়া গেলেন। আমি যদি এক্ষণে ভাঁহার শোকে প্রাণত্যাগ করি, ভাহা इरेल जनक जननी এই সংবাদ অবণ মাত্রই উন্মতপ্রায় ছইবেন। মালতি! আমি উভয় সকটে পতিত হইয়াছি, কি করিব কিছুই স্থির করিতে পারিতেছি না। রাজকন্যা এই थकांत्र रथम कतिराज्यक्त अमन ममरा प्रशांकांख मील्मारणल সম্ভিব্যাহারে পর্ণশালার সম্মুখে আসিয়া উপস্থিত হই-লেন। শরৎকুমারী স্বামীকে দর্শন মাত্র মূচ্ছিতা হইয়া ভূতলে পতিত হইলেন।

বাজনাদি দ্বারা তাঁহার মৃচ্ছাপনোদন হইলে পর
তিনি বাজাকুললোচনে পতিকে সদোধন করিয়া বলিতে
লাগিলেন। প্রাণেশ্বর! তুমি কিরপে এই হতভাগিনীকে
নিদ্রাবন্থার একাকিনী ফেলিয়া গমন করিয়াছিলে, যদ্যপি
তোমার ঘাইবার নিভান্তই অভিলাঘ ছিল, ভবে কেন
আমাকে সঙ্গে করিয়া লইয়া না গেলের তুমি সভ্য করিয়া
ছিলে যে আমাকে কথনই নয়নান্তর করিবে না, ভবে
কেমন করিয়া আমাকে এই ভীষণ সিংহ শার্দ্দ্লসকুল
অরণ্যে রাথিয়াগেলে, আমি যে ভোমার এত দিন ভক্তিভাবে চরণ সেবা করিয়াছিলাম, ভাহার কি এই কল ?
বুঝিলাম ভোমার হৃদয় অভি কঠিন।

স্থাকান্ত শরৎকুমারীর এই সকল বিলাপ বাক্য শ্রবণ করিয়া উত্তর করিলেন, চন্দ্রবদনে! আমি যে কারণে ভোমাকে নী বলিয়। গমন করিয়াছিলাম ভক্তনা কোনক্রমেই অপরাধী হইতে পারি না। আমি ভোমাকে বলিয়া গেলে, ভূমি আমার অমুগমন করিতে উদ্যত হইতে অথবা আমার গমনের প্রতিবন্ধকভাচরণ করিতে সন্দেহ নাই। যাহাইউক, এক্ষণে গভাসুশোচনার প্রয়োজন নাই, যদি আমার এবিষয়ে দোষ থাকে মার্জনা করিয়া প্রসন্ন হও। রাজকুমার এইরূপে পত্নীকে সান্ত্রনা করিয়া সে দিবস আশ্রমে অবস্থিতি করিলেন। রক্ষনী প্রতাত হইলে স্থ্যকান্ত ও শরৎকুষারী গাজোথান করিয়া মহর্ষির নিকট বিদার লইয়া রবে আরোহণ
করিলেন। সারথি ক্ষত বেগেরথ ঢালনা করিতে লাগিল।
ভাঁহারা অনভিবিলম্বে হীরাকর নগরের প্রান্তভাগে আসিয়া
উপস্থিত হইলেন। স্থ্যকান্তের আগমন বার্তা প্রবণ
করিয়া নগরবাসিদিশোর আনন্দের আর পরিসীমা রহিল না
রাজা ও মহিষীর নয়ন আনন্দ্রবাস্থা পরিপ্লুত হইল ।
স্থ্যকান্ত গরৎকুমারী ক্রমে ক্রমে নগরের মধ্যবর্তী রাজপথে
সমাগত হইলেন।

নগরবাসীরা স্ব স্ব কর্ম পরিত্যাগ পূর্ব্বক বরবর্থ অব-লোকন করিতে চলিল। কামিনীগণ বরবর্ণ দর্শনার্থ একান্ত উৎসুক হইয়া আপদ আপন আরক্ধ কর্ম পরিত্যাগ পূর্ব্বক ধাবমান হইল, কোন যুবতী অলক্ত পরিতেছিল, তাহা সমাপ্ত না হইতে হইতেই বরবর্ণ দেখিতে গমন করিল। কেহবা কেশ বন্ধন করিবান্ন অবকাশ না পাইযা শিথিলিত কেশে প্রাসাদ্যো-পরি আরোহণ করিয়া একদুন্টে পথ নিরীক্ষণে চাহিয়া রহিল। কেহবা গবাক্ষ ছার উদ্যাটন করিয়া নিমেষশূন্য লোচলে বরবধূর অঙ্গ সেষ্ঠিব দেখিতে লাগিল। কামিনীগণের অঙ্গ শোভায় ও বরবধূর রূপলাবণ্যে নগর শোভাময় ও লাবণ্যময় শুর্জি দেখিয়া পরস্পার বলিতে লাগিল, আহা, এরপ পুরুষ ও
জ্রীরত্ব ত কথনই দেখিনাই, অদ্য আমাদিগের নয়ন সার্থক
হইল। ভাগ্যে রাজকন্যা স্বয়য়য় প্রার্থনা করিয়াছিলেন,
ভাহাতেই সুকুমার রাজকুমার এভাদৃশ তুল্ল ভ জ্রীরত্ব লাভ
করিলেন। বিধাতা বুঝি ই হাদিগকেই পুরুষনিধি ও জ্রীরত্ব
করিয়া স্থি করিয়া থাকিবেন। রাজকুমারীকে ধন্যা বলিতে
হইবে সন্দেহ নাই,বহু রাজার মধ্যে সুবিদ্বানু পুরুষ মনোনীত
করা জ্রীলোকের পক্ষে সহজ্ঞ কর্ম নহে। বরবধু ক্ষণকাল পরে
বিলাসিনীগণের দৃষ্টির অগোচর হইয়া রাজভবন ছারে
উপস্থিত হইলেন।

অমন্তর রথ হইতে অবতীর্ণ হইয়। অন্তঃপুর মধ্যে প্রবেশ করিলেন। তত্রতা নারীগণ বরবধূকে দেখিবামাত্র মঙ্গলাচরণ করিতে করিতে নরপতির সমীপে লইয়া গোলেন। রাজা প্রশত পুত্র ওপুত্র বধূকে অবলোকন করিয়া আনন্দ সাগরে নিমগ্র হইয়াবলিলেন, অদ্য ডোমাদিগকে দেখিয়া আমার নয়ন যুগল পরিতৃপ্ত হইল ও পূর্বজন্মার্জ্জিত সুকৃত কলিল। আমি এত দিনে মানব জন্মকে সফল জ্ঞান করিলাম। আমি ভোমাদিগকে আশীর্বাদ করিতেছি ভোমরা শতায়ঃ হইয়া স্থথে কালক্ষেপ কর। রাজকুমার ও রাজকন্যা ক্ষণকাল ভথায় অবস্থিতি করিয়া মহিবীর নিকট গমন ও ভক্তিপূর্বক

তাঁছাকে প্রণাম করিলেন। পুত্রবৎসলা রাজ্ঞীর, পুত্রকে বধূসমেত দেখিয়া আনন্দের আর সীমা রহিল না, তাঁছার নেত্র হইতে আনন্দাশ্রু বিগলিত হইতে লাগিল।

তিনি পুত্র ও পুত্রবধূকে অসমীপে বসাইয়া স্নেই বচনে
স্বা্যাকান্তকে বলিলেন, বৎস! আদ্য তোমাকে বধূসহ দেখিয়া
আমার মনোবাঞ্চা পূর্ণ হইল, আজি গুরুজনের আশীর্বাদ
সকল হইল, আজি আমার চিত্ত পরিতৃপ্ত হইল, আমি
দিখারের নিকট এই প্রার্থনা করি, যে তুমি নির্বিদ্ধে ভূতার
বহন ও প্রজাদিগকে পুত্রবৎ প্রতিপালন কর। রাজকুমার ও
রাজকুমারী এইরূপে সমস্ত পোর কামিনীগণকে দর্শন দিয়া
আনন্দিত করিলেন। সে দিবস এইরূপে অতিবাহিও
হইল।

প্রভাত হইলে প্র্যাকান্ত পিতার নিকট মৃগয়া বিহারাভিলাষ প্রকাশ করিলেন। নৃপক্তি মৃগয়ার বছরি ওং
বিবেচনা করিয়া ভাঁহাকে গমন করিতে অসুমতি করিলেন।
রাজকুমার ধসুর্বাণ হত্তে গ্রহণ করিয়া বেগগামি অস্থারোহণ
পূর্বক বহুসংখ্য অস্ত্রধারী পুরুষ, পুশিক্ষিত হস্তী ও কুকুরাদি
সমভিবাহারে লইয়া মৃগয়াযোগ্য অরণো প্রবেশ করিলেন।
তথায় দেখিলেন, প্রকাণ্ড শার্দ্দ্লসকল নির্ভরে লক্ষ প্রদান
করিতেছে ইহদাকার গণ্ডার ও বরাহ্গণ সপক্ষ পললে শার্ম

করিয়া আছে। করাল কেশরিগণ স্থিরচিত্তে শয়ন করিযা হছিয়াছে, মৃগকুল ইতস্তক: অমণ করিতেছে, বন্য ছন্তী ও মহিষকুল দলবদ্ধ কইয়া বিচরণ করিতেছে, ভলুকেলী প্রকাশগু কেকাণ্ডোপরি আরোহণ করিয়া চীৎকার ধনি করিতেছে, বন মার্ক্তারসকল বন মৃষিকদিগকে ধরিবার আশরে বিবরোপরি বিসরা আছে।

প্রাকাস্ত এই ভীষণ হিং আজস্ত পূর্ণ গছনে প্রবেশ করিয়া শরাসনে নিশিত সায়কসন্ধান পূর্বক প্রচণ্ড বেগে শর নিক্ষেপ ছারা অসংখ্য বন্য পশুর প্রাণ সংহার করিতে লাগিলেন, কোন কোন করিবৈরী রাজকুমারের ধ্মুর্নিনাদ প্রবেণ ভীত হইরা রক্ষের অস্তরালে বুকায়িত হইল. প্র্যাকান্ত অনুসন্ধান পূর্বক ভাহাদিগকে শর ছারা রক্ষের সহিত বিদ্ধ করিলেন, কান কোন বন্য করিবরের শুণ্ডে শর নিক্ষেপ করাতে ভাহারা কোধান্তিত হইরা রাজকুমারকে আক্রমণ করিতে উদ্যত হইল, কিন্তু রাজপুত্র ভদ্দনে ভীত না হইয়া বারিধারার ন্যায় বাণ বর্ষণ করিয়া ভাহাদিগের উদ্যম বিক্ষল করিয়া দিলেন, কোন কোন ক্রিছের প্রাণ সংহার না করিয়া কোশল ক্রমে ধরিলেন।

এই প্রকারে মৃগয়। বিহার করিতে করিতে বেলা দ্বিতীয় প্রাহর হইয়া উঠিল। রবি গগণমগুলের মধ্যভাগ হইতে অন্ত্রিক লার কিরণ বিস্তার করিতে লাগিলেন, স্বর্গের আতপে বনন্থ পক্ষিণ নিস্তব্ধ হইল, পিপাসার শুষ্ককণ্ঠ ক্ষিত্রকরা কাত্রশ্বরে ক্রমাণত চীৎকার করিতে লাগিল, রাজকুমারের অঙ্গ ঘর্মাক্ত হইল, শিকারী কুকুরুগণ লোলজিক্ত হইয়া ঘন ঘন খাস পরিত্যাগ করিতে লাগিল, তুরক্ষমের গাত্র হইতে অনবরত ঘর্মবারি বিনির্গত হইতে লাগিল, রাজকুমার রেইজে একাস্ত ক্রান্ত হইয়া সমন্তিব্যাহারি ব্যক্তিদিগের সহিত বাটী প্রত্যাগমন করিলেন। ছারদেশে উপস্থিত হইয়া অন্থ হইতে অবরোহণ করিয়া অন্তঃপুর মধ্যে গমন করিলেন, তথায় মৃগয়াবেশ পরিত্যাগ পূর্বক স্লান ভোজনাদি সমাপন করিয়া বিশ্রামার্থ শয়নাগারে প্রেশ করিলেন।

## শরৎকুমারী।

—· 3#8—

## পঞ্ম সর্গ।

কিয়দিবস অতীত হইলে মহারাজ নীলকান্ত পুত্রকে সর্বাংশে উপযুক্ত দেখিয়া যোবরাজ্যে অভিষিক্ত করিবার সঙ্কশ্প করিলেন। রাজকুমারের অভিষেক বার্ডা প্রবণ করিয়া প্রজারা আনন্দার্থবে নিমগ্র হইল। অভিষেকের দ্রব্যসামগ্রী সকল প্রস্তুত হইলে নরপতি শুভদিনে শুভলগ্নে পুত্রক্তে সমস্ত সাআজ্যের ভারাপণি করিলেন। রাজপুরো-হিত মন্ত্রপূত সলিল হারা প্র্যাকান্তের অভিষেক্তিয়া সম্পাদ্র করিলেন। পরিশেষে মহারাজ নীলকান্ত বানপ্রস্থ ধর্মাবলম্বন পূর্ব্বক সন্ত্রীক তপোবনে গমন করিয়া জীবনের শেষভাগ যাপন করিতে লাগিলেন।

তুর্ঘাকান্ত পিতৃদত্ত সামাজ্যে অভিষিক্ত ইইয়া সুনিয়মে
রাজ্যপালন করিতে আরম্ভ করিলেন। প্রজাগণ তাঁহার
বিনয়নম ব্যবহার দর্শনে সাজিশয় বশীভূত হইল। তিনি
সম্মেহ ব্যবহার করিয়া প্রজাগণকে এরপা অনুয়ক্ত করিলেন,

যে তাহাদিগকে প্রাচীন ভূপতির সদূত্তণ স্বরণ করিয়া কিছু-মাত্র অমুতাপ করিতে ছইল না। তাঁহার স্শাসন প্রভাবে প্রজাগণ অহরহ স্থাকুভব করিতে লাগিল। তাঁহার দোর্দণ্ড প্রভাপে রাজ্যে দস্ম ভঙ্গরাদি ও চুফ লোকের কিছুমাত্র উপ-দ্ৰৰ রহিল না। ৰমুমতী তাঁহাকে পভিলাভ করিয়া আপনাকে সোঁভাগ্যবভী জ্ঞান করিলেন। তিনি কাম, ক্রোধাদি ছুৰ্জ্জর রিপুবর্গকে জন্ন করিয়। স্থাখে রাজ্ঞা ভোগ, ও কি প্রধান কি নিরুষ্ট সকলের প্রতি তুলা দৃষ্টি করিয়া অসামান্য প্রতি-পত্তি লাভ করিতে লাগিলেন। তিনি পৈতৃক নীতিবিশারদ বহুদর্শী মন্ত্রীর পরামর্শানুসারে এবং আপন অবিচলিও অধ্যবসায় ও বৃদ্ধি সহকারে রাজকার্যা সুশৃথালরূপে সম্পন্ন করিতে লাগিলেন। যুবরাজ পিতার ন্যায প্রজাবৎসল হইযাছিলেন এবং অসৎপথে মুগা,সম্বার্গে অনুরাগ ও নিরন্তর সৎকর্ম্মের অনুষ্ঠান দ্বারা জগদ্বিশাত হইযা উঠিলেন।

একদা মহারাজ প্র্যুকান্ত অন্তঃপর মধ্যে বসিয়া আছেন, এমত সময়ে প্রতিহারী আসিয়া কৃতাঞ্জলিপুটে নিবেদন করিল, মুহারাজ! চক্রপুর নগর হইতে এক বার্তাবাহক আসিয়া হারদেশে দণ্ডায়মান আছে, যদাপি অসুমতি হয়, এখানে আইসে। প্র্যুকান্ত প্রতিহারীর বাক্য প্রবণে হয়, এখানে আইসে। প্র্যুকান্ত প্রতিহারীর বাক্য প্রবণে এই স্থানে লইয়া আইস। প্রতিহারী আজ্ঞানুসারে তাহাকে সঙ্গে করিয়া আদিল। স্থাকান্ত ও শহৎকুমারী সমাগত বার্ত্তাবাহককে প্রীতিপ্রফুল্ললোচনে তথাকার পরিজনদিগের কুশলুবার্ত্তা জিজ্ঞাসা করিলেন। সে প্রণতিপূর্ব্বক বলিল, আপ-নাদিগের,বহুদিবসাবধি কোন সংবাদ না পাইয়া নৃপতি ও মহিবী অতিশয় চিন্তিত হইয়াছেন, বিশেষদ্ধঃ মালতী ও সার-থির প্রত্যাগমনের বিলম্ব দর্শনে নানাপ্রকার বিপদের আশক্ষা করিয়া এরূপ উৎক্তিত হইয়াছেন, যে সমুদায় কার্য্য পরি-ভাগে করিয়া সর্বাদা নিভান্ত উন্মনাঃ থাকেন। স্থাকান্ত বাৰ্ত্তাবাহক প্ৰমুখাৎ এই সকল বাৰ্ত্তা প্ৰবণ করিয়া মালভীকে সম্বোধন করিয়া বলিলেন, তুমিত এই সকল সংবাদ অবগত হইলে, অতএব এক্ষণে আমাদিগের কুশল সমাচার লইয়া ত্বরায় চন্দ্রপুর নগরে গমন কর। এই কথা বলিয়া বার্ত্তাবাহক ুও মালভীকে বহুতর মহামূল্য দ্রবাপারিভোষিক দিলেন। ভাছারা স্র্টাকান্ত ও শরৎকুমারীকে প্রদক্ষিণ পূর্বক প্রণাম করিয়া চন্দ্রপুর নগরাভিমুখে যাত্রা করিল।

কিয়দিবস পরে স্থাকান্ত বড়বিধ সৈন্যসামন্ত সমভি-বাহারে দিখিজ্যের নিমিত্ত যাত্রা করিলেন। যাত্রাকালে সৈন্যগণের কলরবে, মাতজের রংছিতে তুরজের হেবারবে, ভুরী, ভেনী, চুন্দুভি প্রভৃতি বাদ্যের শব্দে চতুর্দিক ব্যাপ্ত ছইল। কিরংকাল মধ্যে ক্রমশ: বীথিকা গজবাজী পদাতিক প্রভৃতি চতুরক্ষ সৈন্যে পরিপূর্ণ ছইয়া উঠিল। ভাহাদিগের দলনে মেদিনী কম্পমানা ছইতে লাগিল। এবং সেনাযান পদোখাপিত রজোরাশি গগনমগুল আচ্ছর করিল। এইরূপে রাজা যে যে স্থান দিয়া গমন করিতে লাগিলেন তত্রতা ভূপালদিগকে পরাভুত করিয়া আত্মবশে আনিতে লাগিলেন।

যে রাজা তাঁহার প্রতি বলপ্রকাশ করিল তাহার সর্বাষ্থলুগন করিয়া অবশেষে নিজিংশ দ্বারা শিরুশ্ছেদন করিলেন
যে ভূপতি পরাজিত হইয়া তাঁহার শরণাপর হইল, তাহাকে
রাজ্যচ্যত না করিয়া বরং যথোচিত সন্মান প্রদান করিলেন,
কোন কোন নৃপতিদিগের সহিত সংগ্রাম করিতেও হইল না,
ভাহারা অসংখ্য সৈন্য দর্শনে ভীত হইয়া চরণে শরণাগত
হইল। যুবরাজ প্রাকান্ত এই প্রকারে দিয়িজয় ব্যাপার
পরিসমাপনানন্তর সসাগরা ধরার একাধিপতালাভ করিয়াম্বীয়্
রাজধানী হীরাকর নগরে প্রত্যাগমন করিলেন। পরে জয়লক্ক
দ্বব্যাদির মধ্যে আপনি কতক রাখিয়া অবশিষ্ট অমাত্য ও
সৈন্য সামন্তদিগকে পুরস্কার দিলেন।

কিছুদিন পরে শরৎকুমারীর গর্ভ সঞ্চার হইল। তিনি গর্ভধারণ করিয়া মেঘাচ্ছর স্থাংশুলালিনী যামিনীর নাায় মনোহারিণী জীধারণ করিলেন। দিন দিন গর্ডের উপচ্ছ প্রভীরমান হইতে লাগিল। শ্রীর অবসর ও পাঞ্রণ হইল প্রোধরের অপ্রভাগনীলবর্ণ হইরা উঠিল। মুথে সর্বাদা জৃত্তুণ ও জল উঠিতে লাগিল। মৃত্তিকার শরন ও মৃত্তিকা উক্ষণ রাতিহৈকে আর অন্য কোন বিষয়ে কিছুমাত্র অভিলাধ রচিল না। পত্নীর গর্ভ লক্ষণ দর্শনে যুবরাজ স্থ্যকান্ত আনন্দা-পবে নিম্ম হইলেন। শরৎকুমারী অক্ষৃতি নির্ভির জন্য যখন যাহা আহার করিতে অভিলাধ করিতেন, রাজা তৎ-ক্ষণাৎ তাহা আনরন করিয়া দিতেন, পরে রাজা নির্মিত সময়ে পুংসবলাদি কার্য মহাসমারোহপূর্বক নির্বাহ করিলেন। ক্রমে ক্রংকুমারীর গর্ভ তুর্বাহ হইরা উঠিল, অনন্তর দশ্য মানে শুভদিনে শুভলাগ্র ও শুভক্ষণে মহিষী এক পুত্রসন্তান প্রসব করিলেন।

নুপতির প্রসন্তান হইয়াছে, শুনিয়া নগরবাসী লোকের আনন্দের আর পরিসীমা রহিল না, প্রজাগণ গৃছে গৃহে আনন্দোৎসব করিতে লাগিল, রাজবালীর স্থানে স্থানে নৃত্য গীত ও বাদ্য আরম্ভ হইল। নূপত্তিও পিতৃ-ঋণ হইজে মুক্ত হওয়াতে তাঁহার আর আনন্দের অবধি রহিল না । ভিনি অকাতরে অনাথ হৃঃখী, অন্ধ, প্রস্তুতিকে ধনা দান করিতে লাগিলেন। যে যাহা প্রার্থনা করিল, তাহাকে ভাছাই দিয়া সন্তুস্ট করিলেন। অনন্তর রাজা শুভ লয় ছির করিয়া সন্তানের মুখকমল
দর্শনার্থ অন্তঃপুরমধ্যে গমন করিলেন। প্রতিকাগৃছের অভ্যন্তরে
প্রবেশ করিয়া দেখিলেন, যে কুমার প্রস্বাগার উজ্জ্বল করিয়া
, রছিয়াছে। রাজা যতবার পুত্রের মুখারবিন্দ নিরীক্ষণ করিছা
লেম, ততই তিমি নব নব আনন্দামুভব করিতে লাগিলেন।
কুমারকে স্থলক্ষণ সম্পার দেখিয়া নৃপতি আসনাক্টে অভিশ্যর সেভিগালালী জ্ঞান করিলেন। রাজকুমার কৃতসংস্কার
ছেইয়া দিন দিন শশিকলার ন্যায় পরিবর্দ্ধিত ছইতে লাগিলেন। পুত্রের রম্গীয় রূপলাবণা সন্দর্শন করিয়া রাজা ও
রাজী ভাঁছার রম্ণীকান্ত নাম রাখিলেন।

পারে রাজকুমার যখন চুই এক পদ শমন করিতে সমর্থ


হইলেন, ও অপরিক্ষু উ মধুর বসনে যখন জনক জননীকে

সংঘাধন করিতে শিক্ষা করিলেন, তখন নৃপতি ও মহিনী
আনন্দের পরাকাঠ। প্রাপ্ত হইলেন। ক্রেম সমুচিত সময়ে
রাজকুমারের চূড়াকুরন প্রভৃতি সমুদার সংস্কার সম্পার হইল।

শহারাজ প্রাকাস্ত প্রের বিদ্যাত্যাসের কাল সমাগত দেখিয়া
বহাবিদ্যা পারদর্শী এক অধ্যাপক আনয়ন করিয়া শুভদিনে
তনয়কে তাঁহার নিকট সমর্পণ করিলেন। রাজস্বুত এরপ
বুদ্ধিনান ছিলেন, যে স্বন্প দিবসের মধ্যে বর্ণিরিচয় সমাপ্ত

উাহার সাতিশয় প্রথন বৃদ্ধি দর্শনে প্রযন্ত্রাতিশয় সহকারে শিক্ষা প্রদান করিছে আরম্ভ করিলেন। রাজকুমারও প্রথ-বিমুখ না হইয়া অপ্পকালের মধ্যে সমুদায় শাস্ত্র শিক্ষা করিছে। শিক্ষাকরেনীকা প্রদান যতু সকল করিলেন।

কিছু দিন পরে রাজকুমারের বাল্যকাল অতীত ও যে বন কলে আঁগত হইল, তিনি যে বিনসীমার পদার্পনি করিয়া অধিকতর র্মণীর জ্রীধারণ করিলেন। ভূপতি মহা সমা-রোহে পুত্রের উদ্বাহ সংস্থার নির্ম্বাহ করিয়া, আপনি বিষয়-বাসনা বিসক্তন পূর্মক সর্মন্তগান্তিত মুবরাজ রমণীকান্তের হস্তে রাজ্যশাসনের ভার সমর্পনি করিলেন। অবশেষে স্থাকান্ত ও শরৎকুমারী নিশ্চিন্ত ইইয়া শান্তিরসৈ পরম স্থাপ কালাভিপাত করিতে লাগিলেন।



Printed by J. N. Banerjee at the Banga Hitaisi Press, 19, Ratun Mistrees' Lane, Calcutta.

## विकाशन।

এই পুত্রক নং ১৯ রতন মিছির লেনত বছহিতৈষী যত্রে ও বছরাজার টিট স্চিপাড়ার খানার
অক্কারের নিকট প্রাথবা।